



তৃণমূল কংগ্রেসের যুব নেত্রী তথা টলিউড অভিনেত্রী সায়নী ঘোষের ওপর ক্ষুদ্র এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট (ইডি)-র আধিকারিকরা। ...বিস্তারিত পাতা ৩



পঞ্চায়েত নির্বাচনের শেষ মুহূর্তের প্রচারে ঝাড় তুললেন বামফ্রন্টের প্রার্থীরা, গ্রামে গ্রামে অভিনব প্রচার সারলেন ছাত্র যুব এবং প্রমিলা বাহিনী। ...বিস্তারিত পাতা ৫



লাজপত নগর বোমা বিস্ফোরণ মামলায় অভিযুক্ত মহম্মদ নওশাদ এবং জাভেদ আহমেদ খানের যাবজ্জীবনের সাজা বহাল রাখল সুপ্রিম কোর্ট। ...বিস্তারিত পাতা ৬



কানাডা ওপেনে দারুণ সূচনা সিদ্ধদের। ক্যালগারিতে অনুষ্ঠিত এই বিউর্লিউএফ ওয়ার্ল্ড টার ৫০০ স্পারসিরিজ ইভেন্টে চুটছে সিদ্ধু, লক্ষ্যদের বিজয়রথ। ...বিস্তারিত পাতা ৮

শনিবার বন্ধ থাকবে স্কুল-সরকারি-বেসরকারি অফিস

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাইঃ পঞ্চায়েত নির্বাচন ২০২৩ দিন সবেতন ছুটি ঘোষণা করল রাজ্য সরকার। আগামী ৮ জুলাই, ২০২৩ (শনিবার) রাজ্যের ২২টি জেলায় যেখানে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে সেই সকল এলাকায় রাজ্য সরকারের সব অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, অন্যান্য সরকারি প্রতিষ্ঠান দোকান, কলকারখানা-সহ বিভিন্ন বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানে ছুটি থাকবে। সবেতন ছুটি পাবেন রাজ্য সরকারের চুক্তিভিত্তিক কর্মচারীদের পাশাপাশি বেসরকারি কর্মচারীরাও। মনে করা হচ্ছে, ভোটদানে উৎসাহ দেওয়ার জন্যই এই ছুটি দেওয়া হয়েছে। তবে প্রয়োজনে ছুটি বাতিল হবে স্বাস্থ্যে সরকারি হাসপাতালের পরিষেবা যাতে স্বাভাবিক থাকে, সে ব্যাপারেও নজর রাখতে বলা হয়েছে। আর পাঁচটা নজর-রবিবারের মতো সরকারি হাসপাতালের পরিষেবা যাতে কোনও চিলেচালা ভাব না থাকে, তা দেখতে বসেছেন অধিকর্তা। এর ফলে সরকারি ছুটির তালিকায় বাড়ল আরও একটি দিন। যাদের ভোটের কাজ রয়েছে, তাঁরা বাদে বাকিদের সবেতন ছুটি। ৮ জুলাই রাজ্যে এক দফায় হতে চলছে পঞ্চায়েত ভোট। রাজ্যের যে যে জেলায় জেলা পরিষদ, গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ভোট গ্রহণ চলবে সেই সমস্ত জায়গায় এনআই অ্যাক্টিভ ছুটি ঘোষণা করল রাজ্য সরকার। নবান্নের তরফে বিজয় প্রকাশ করে ইতিমধ্যেই বিজয়টি জানিয়েছে অর্থ দফতর। বহু সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠানে ভোত্রিগ্রহ কেন্দ্র তৈরি করা হয়। সেই ভোট গ্রহণকেন্দ্রে আগে থেকে একাধিক প্রস্তুতি নিতে হয়। তাছাড়া আগের দিন রাত থেকেই সেখানে ভোক্তিনী, পুলিশ আসতে শুরু করেছেন। রাতে তাঁরা সেখানেই থাকেন। কার্যত সেকারায়েই সমস্ত জায়গায় ভোত্রিগ্রহ কেন্দ্র হিসাবে যে স্কুল বা সরকারি ভবনগুলি নেওয়া হবে সেগুলি ৬-৭ জুলাই বন্ধ থাকবে। তবে সেখানে ভোত্রিগ্রহের যাবতীয় প্রস্তুতি নেওয়া হবে। শ্রম দফতর পঞ্চায়েত এলাকায় থাকা দোকান, বাণিজ্যিক সংস্থা, নিম্ন তালুকে ওই দিনে ছুটি ঘোষণার কথা জানিয়েছে। এছাড়া পঞ্চায়েত এলাকার বাসিন্দাদের উদ্দেশ্যে সবেতন বিশেষ ছুটি দেওয়ার কথাও বলা হয়েছে, যাতে তারা ভোট দিয়ে নিজের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারে। এমনকী কোনও এলাকায় পুনর্নির্বাচন হলে সেক্ষেত্রে পঞ্চায়েত এলাকার বাসিন্দা সংস্থা থেকে ছুটি পাবেন।

সাংবাদিকের প্রশ্নে আচমকা খড়্গহস্ত সায়নী

দুরন্ত বার্তা, কাটোয়া, ৬ জুলাইঃ আজই নির্বাচনী প্রচারের শেষ দিন। পঞ্চায়েত নির্বাচনের শেষ মুহূর্তের প্রচারপর্ব জোরদার করতে পূর্ব বর্ধমানের একাধিক এলাকায় আজ উপস্থিত ছিলেন যুব তৃণমূল কংগ্রেসের সভানেত্রী সায়নী ঘোষ। সেই প্রচার খিলে স্থানীয় মানুষদের উত্তেজনা ছিল চোখে পড়ার মতো। তবে এ দিন আচমকাই রোগে যান সায়নী ঘোষ। ইডি দফতরে গড় হাজিরার বিষয়ে সাংবাদিকরা প্রশ্ন করতেই মেজাজ হারিয়ে ফেলেন। সায়নী বলেন, “হুঁড়ি আপনাকে কিছু বলছে! আমি ওনারের সঙ্গে কথা বলব। আপনাকে কেন বলব? এটা ইডি আর আমার মধ্যে ব্যাপার, আপনাদের কেন বলব?” এরপর অবশ্য প্রসঙ্গ এড়িয়ে নির্বাচনের বিষয়ে ফিরে আসেন। বিরোধীদের প্রতি সুর চড়িয়ে বলেন, “বিরোধী বলে এখানে কিছু নেই।” এরপর সংবাদমাধ্যমকে ধন্যবাদ জানিয়ে প্রচার গাড়িতে উঠে পড়েন। আজ কাটোয়া ২ নম্বর রক্তের গাজিপুর গ্রাম পঞ্চায়েত এলাকার অগ্রদ্বীপের দশমুয়ারি বাঁধ থেকে সোয়ানি গ্রাম পর্যন্ত গাড়িতে চেপে প্রার্থীর হয়ে প্রচার করেন সায়নী ঘোষ। বৃহবার বর্ধমানের গলসি রক্তের বিভিন্ন গ্রামের ভোট প্রচারে করেন সায়নী ঘোষ। গলসি চৌমাথা মোড় থেকে শুরু করে গলসি রক্তের বিভিন্ন গ্রামে ঘুরে প্রচার করেন সায়নী।

ভোট গণনার পরবর্তী ১০ দিন রাজ্যে কেন্দ্রীয় বাহিনী

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাইঃ পঞ্চায়েত ভোট নিয়ে বড় নির্দেশ কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চ। অতীতে বাংলার নির্বাচন পরবর্তী সময়ে যে অশান্তি ও হিংসার অভিযোগ উঠছে, সেই প্রেক্ষিতে যাতে ভোটের পরেও কেন্দ্রীয় বাহিনী থাকে রাজ্যে, সেই নিয়ে আবেদন জানানো হয়েছিল আদালতে। সেই আবেদনের ভিত্তিতে এবার হাইকোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়ে দিল, পঞ্চায়েত ভোটের ফল ঘোষণার পরবর্তী ১০ দিন রাজ্যে মোতায়েন থাকবে কেন্দ্রীয় বাহিনী। কেন্দ্রকে সেই অনুযায়ী নির্দেশিকা জারি করতে হবে বলে নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম। কেন্দ্র কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ছিল এত জটিলতা তৈরি হচ্ছে, তা নিয়েও প্রশ্ন ওঠে আদালতে। তখন



সিআরপিএফ না এসএসবি, সেটাও উল্লেখ করে দিয়েছে। আর সেই কারণেই তাড়াতাড়ি বাহিনী পাঠানোর ক্ষেত্রে সমস্যা হচ্ছে বলে দাবি ডেপুটি সিলিসিটার জেনারেলের। যদিও সেই সমস্যা আজই দূর করে দেন বিচারপতি।

পঞ্চায়েত নির্বাচনে প্রতি বুথে একজন রাজ্য ও একজন কেন্দ্রীয় বাহিনী, নির্দেশ কমিশনের



ছিল, সেই বিষয়টি স্পষ্ট করে দিল কমিশন। কমিশনের তরফ থেকে জানানো হল, একজন করে রাজ্যের বাহিনী ও একজন কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী থাকবে। সেই বিষয়েই স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে বাহিনী দেওয়া নিয়ে যে ঘোঁষাশা তৈরি হয়েছিল, তা কার্যত পরিস্কার হয়ে গেল। নির্দেশে বলা হয়েছে, কেবলমাত্র বুথেই থাকবে কেন্দ্রীয় বাহিনী। সিভিক ডস্ট্রিবিয়র থাকবেন ভোটের সময় লাইন বজায় রাখার জন্য। এ ছাড়া মোবাইল ভ্যানে, অর্থাৎ ভ্রাম্যমাণ কোনও নিরাপত্তার ক্ষেত্রে কেন্দ্রীয় বাহিনী থাকছে না। তা হলে হিসাব হচ্ছে, একটি ভোটগ্রহণ কেন্দ্রে যদি দায়টি আলাদা বুথ থাকে, তা হলে সেই চারটিতে চারজন কেন্দ্রীয় বাহিনীর সদস্য ও চারজন রাজ্য বাহিনীর সদস্য থাকবেন। রাজ্যের পঞ্চায়েত নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীকে কাজে লাগাতে হবে, সেই দাবি তুলেছিল বিরোধীরা। সেই নেই আদালতে মামলাও হয়। আদালত নির্দেশ দেয়। আদালতের নির্দেশের ভিত্তিতে রাজ্য নির্বাচন কমিশন কেন্দ্রের কাছে কেন্দ্রীয় বাহিনী আবেদন করে। সেই মতো বেশ কয়েকখানো রাজ্যে বাহিনী এসে পৌঁছায়। তার পরেই একটি নির্দেশ আসে কমিশনের তরফ থেকে। সেই নির্দেশ নিয়েও বিতর্ক তৈরি হয়। সেখানে কেন্দ্রীয় বাহিনী বুথে থাকা নিয়ে স্পষ্ট কোনও নির্দেশ না থাকায় তৈরি হয় ঝামেলা। বুথে কেন্দ্রীয় বাহিনী থাকবে কি না, তা নিয়েও ঝামেলা হয়। শেষ পর্যন্ত নির্দেশ দেওয়া হল রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে। আগামী ৮ জুলাই রাজ্যে একটি দফায় পঞ্চায়েত নির্বাচন। তার পর ১১ জুলাই সেই নির্বাচনের ভোট গণনা। বিরোধীদের পক্ষে থেকে দাবি করা হয়, নির্বাচনের গণনার পরেও যেন কেন্দ্রীয় বাহিনী রাখা হয়। বিধানসভা নির্বাচনের পর একাধিক ক্ষেত্রে ভোট পরবর্তী হিংসার অভিযোগ করেন বিরোধীরা। সেই কথা মাথায় রেখেই এ বারেও নির্বাচনের পরেও কেন্দ্রীয় বাহিনী রেখে দেওয়ার দাবি জানানো হয়।

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাইঃ পঞ্চায়েত নির্বাচনের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করে দিল রাজ্য নির্বাচন কমিশন। একটি বুথে কত কেন্দ্রীয় বাহিনী থাকবে, কত রাজ্যের বাহিনী থাকবে, তা নিয়ে নানারকম ধ্বংস



আনন্দ বোস। কিন্তু ব্যস্ততার কারণ দর্শিয়ে তিনি সাক্ষাতে যেতে পারেননি। সূত্রের খবর, বারবার তেঁকে পাঠানোর পরও কমিশনারের না যাওয়া এবং চিঠির উত্তর না পাওয়ায় ক্ষুব্ধ রাজ্যপাল। প্রসঙ্গত, রাজ্যের একাধিক জায়গা থেকে নির্বাচন পর্বে অশান্তি, হিংসার অভিযোগ ওঠে। বিশেষত, দক্ষিণ ২৪ পরগনার ভাঙুড়, ক্যানিংয়ের অশান্তির খবরে উদ্ভিগ্ন হয়ে পড়েন রাজ্যপাল। ক্যানিং, বাসন্তী পরিদপন করেন তিনি। নিগূহীতদের সঙ্গে কথা বলেন। এরই মধ্যেই বাসন্তীকে এক তৃণমূল কর্মীকে গুলি করে খুনের অভিযোগ ওঠে। তাঁর মেয়ের সঙ্গেও দেখা করেন রাজ্যপাল। তারপর সামগ্রিক পরিস্থিতি নিয়ে কথা বলার জন্য রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহাকে ডেকে পাঠান রাজ্যপাল। কিন্তু নির্বাচনে কাজে ব্যস্ততার কারণ দর্শিয়ে রাজভবনে দেখা করতে যাননি কমিশনার। কমিশনার রাজ্যপালের সঙ্গে ফোনে কথা বলে নিতে চেয়েছিলেন। কিন্তু বিষয়টি ‘কনফিডেনশিয়াল’ ইস্যু বলে রাজ্যপাল মুখবন্ধ খামে চিঠি পাঠান। তবে সূত্রের খবর, রাজভবনের সেই বন্ধ খামে যে চিঠি আসে, সেখানে রাজ্যপালের কোনও সাক্ষর ছিল না। আর সেই কারণেই রাজ্যপালের চিঠির উত্তর দেননি কমিশনার। সূত্রের খবর ওই খামে ভাঙুড়-সহ একাধিক জায়গার অশান্তির কথা উল্লেখ ছিল। রাজ্যপাল নিজে যে যায়গায় গিয়েছেন, সেখানকার পরিস্থিতির কথাও উল্লেখ ছিল। কিন্তু তার কোনও উত্তর দেওয়া না হওয়ায় রাজ্যপাল ক্ষুব্ধ হয়েছে বলে সূত্রের খবর। বৃহস্পতিবার সাংবাদিক বৈঠকে বলেন রাজ্যপাল। তাঁর বক্তব্য, রাজ্যে যে হিংসার ঘটনা ঘটছে, তার দায় কমিশনারেরই। কমিশনারের উদ্দেশ্যে বলেন, “ভোটসুদে ‘অর্জুনের মতো ভূমিকা নিন, ‘অশ্রুখামা’র মতো নয়।” তবে এদিনের তীব্র ভৎসনার আপাতত কোনও জবাব নয় কমিশনারের। কমিশনের বক্তব্য, ভোটের মধ্যে কোনও জবাব নয়। সরাসরি রাজ্যপালকে কোনও জবাব দেওয়া থেকে বিরত কমিশনার রাজীব সিনহা।

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাইঃ ভোটের হিংসার অভিযোগ শুনে, দেগদ্বায় বোমাবাজিতে কিশোরের মৃত্যুর পর রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহাকে ডেকে পাঠিয়েছিলেন রাজ্যপাল সিডি আনন্দ বোস। কিন্তু ব্যস্ততার কারণ দর্শিয়ে তিনি সাক্ষাতে যেতে পারেননি। সূত্রের খবর, বারবার তেঁকে পাঠানোর পরও কমিশনারের না যাওয়া এবং চিঠির উত্তর না পাওয়ায় ক্ষুব্ধ রাজ্যপাল। প্রসঙ্গত, রাজ্যের একাধিক জায়গা থেকে নির্বাচন পর্বে অশান্তি, হিংসার অভিযোগ ওঠে। বিশেষত, দক্ষিণ ২৪ পরগনার ভাঙুড়, ক্যানিংয়ের অশান্তির খবরে উদ্ভিগ্ন হয়ে পড়েন রাজ্যপাল। ক্যানিং, বাসন্তী পরিদপন করেন তিনি। নিগূহীতদের সঙ্গে কথা বলেন। এরই মধ্যেই বাসন্তীকে এক তৃণমূল কর্মীকে গুলি করে খুনের অভিযোগ ওঠে। তাঁর মেয়ের সঙ্গেও দেখা করেন রাজ্যপাল। তারপর সামগ্রিক পরিস্থিতি নিয়ে কথা বলার জন্য রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহাকে ডেকে পাঠান রাজ্যপাল। কিন্তু নির্বাচনে কাজে ব্যস্ততার কারণ দর্শিয়ে রাজভবনে দেখা করতে যাননি কমিশনার। কমিশনার রাজ্যপালের সঙ্গে ফোনে কথা বলে নিতে চেয়েছিলেন। কিন্তু বিষয়টি ‘কনফিডেনশিয়াল’ ইস্যু বলে রাজ্যপাল মুখবন্ধ খামে চিঠি পাঠান। তবে সূত্রের খবর, রাজভবনের সেই বন্ধ খামে যে চিঠি আসে, সেখানে রাজ্যপালের কোনও সাক্ষর ছিল না। আর সেই কারণেই রাজ্যপালের চিঠির উত্তর দেননি কমিশনার। সূত্রের খবর ওই খামে ভাঙুড়-সহ একাধিক জায়গার অশান্তির কথা উল্লেখ ছিল। রাজ্যপাল নিজে যে যায়গায় গিয়েছেন, সেখানকার পরিস্থিতির কথাও উল্লেখ ছিল। কিন্তু তার কোনও উত্তর দেওয়া না হওয়ায় রাজ্যপাল ক্ষুব্ধ হয়েছে বলে সূত্রের খবর। বৃহস্পতিবার সাংবাদিক বৈঠকে বলেন রাজ্যপাল। তাঁর বক্তব্য, রাজ্যে যে হিংসার ঘটনা ঘটছে, তার দায় কমিশনারেরই। কমিশনারের উদ্দেশ্যে বলেন, “ভোটসুদে ‘অর্জুনের মতো ভূমিকা নিন, ‘অশ্রুখামা’র মতো নয়।” তবে এদিনের তীব্র ভৎসনার আপাতত কোনও জবাব নয় কমিশনারের। কমিশনের বক্তব্য, ভোটের মধ্যে কোনও জবাব নয়। সরাসরি রাজ্যপালকে কোনও জবাব দেওয়া থেকে বিরত কমিশনার রাজীব সিনহা।

এত বুদ্ধিমান, জ্ঞানী রাজ্যপালের বাংলায় কোনও প্রয়োজন নেই, বললেন অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাইঃ ভোট ঘোষণা হওয়ার পর থেকেই প্রকট হয়েছে রাজ্যপাল ও রাজ্য নির্বাচন কমিশনের সংঘাত। পঞ্চায়েত নির্বাচনের আগে বাংলায় যে সন্ত্রাসের ছবি দেখা গিয়েছে, তার জন্য সম্পূর্ণভাবে কমিশনারকেই দায়ী করেছেন রাজ্যপাল সি ডি আনন্দ বোস। প্রকাশ্যে অসন্তোষ প্রকাশ করেছেন। সমস্যা খতিয়ে দেখতে ছুটে গিয়েছেন জেলায় জেলায়। রাজভবনে খুলেছেন পিস রুম। সবটাই রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে করা হচ্ছে বলে মন্তব্য করেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর দাবি, কেন্দ্রের আদেশ মেনেই এ সব কাজ করছেন রাজ্যপাল। সাংবাদিক বৈঠকে রাজ্যপাল প্রসঙ্গে অভিষেক বলেন, “বাংলায় একটা কথা আছে আপনি আচারি ধর্ম। আজ যা বলছেন, তা তিনি নিজে পালন করতে পারতেন। তাহলে বাংলার ভাল হত।” অভিষেক প্রশ্ন তুলেছেন, কেরমুন্স এক্সপ্রেস দুর্ঘটনার সময় কেন কোন্ট্রোল রুম খুললেন না রাজ্যপাল? কেন দুর্ঘটনায় মৃতদের বাড়ি বাড়ি গিয়ে কথা বললেন না? অভিষেকের মতে, ট্রেন দুর্ঘটনার সময় এই তৎপরতা দেখা যায়নি, কারণ ভোট বা রাজনীতিতে তার কোনও প্রভাব পড়ত না। পঞ্চায়েত নির্বাচনে আগে

তিনি যা করছেন, তার সবটাই দিল্লির আদেশে করছেন বলে মন্তব্য করেছেন অভিষেক। তিনি বলেন, “দিল্লি থেকে যে ভাবে আদেশ আসছে, রাজ্যপাল তাঁর সীমিত ক্ষমতা ও এজিয়ার অনুযায়ী, তা পালন করার চেষ্টা করছেন।” অভিষেক



বলেন, “রাজ্যপালকে কিছু বলব না। শুধু কেন্দ্রকে বলব, এত বুদ্ধিমান, জ্ঞানী একজন রাজ্যপালকে বাংলায় প্রয়োজন

‘কেন্দ্রীয় বাহিনী শাপে বর’, হাইকোর্টকে ‘ধন্যবাদ’ জানালেন অভিষেক



বলেন, “রাজ্যপালকে কিছু বলব না। শুধু কেন্দ্রকে বলব, এত বুদ্ধিমান, জ্ঞানী একজন রাজ্যপালকে বাংলায় প্রয়োজন


নেই, ওঁকে মধ্যপ্রদেশে বা মনিপুরে পাঠিয়ে দিন।” কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ তুলে এদিন ফের একবার সরব হয়েছেন



বলেন, “রাজ্যপালকে কিছু বলব না। শুধু কেন্দ্রকে বলব, এত বুদ্ধিমান, জ্ঞানী একজন রাজ্যপালকে বাংলায় প্রয়োজন

নির্বাচন। ৮২২ কোম্পানি বাহিনী মোতায়েন থাকার কথা রাজ্যে। প্রতি বুথে কেন্দ্রীয় বাহিনী রাখার প্রস্তাবও দিয়েছে হাইকোর্ট। এই প্রসঙ্গে বৃহস্পতিবার সাংবাদিক বৈঠকে অভিষেক বলেন, হাইকোর্টকে ধন্যবাদ। কেন্দ্রীয় বাহিনী আসলে শাপে বর হয়েছে। আমি চাই প্রত্যেক বুথের বাইরে থাকুক কেন্দ্রীয় বাহিনী। তিনি উল্লেখ করেন, ২০২১-এ এই বাহিনীকে সামনে রেখেই বিধানসভা ভোট হয়েছিল। ২০১৬-তেও ছিল কেন্দ্রীয় বাহিনী। তারপরও তৃণমূলকে হারাতে পারেনি বিরোধীরা। ভোটের ৪৮ ঘণ্টা আগে বিরোধী দলগুলিকে ব্যর্থ দিয়ে অভিষেক বলেন, “যুক্তরাষ্ট্র থেকে পুলিশ নিয়ে আসুন। বন্দুক লাঠি নিয়ে বুথের বাইরে দাঁড়িয়ে থাকুক। ভোট তো মানুষ দেবে। ভোট তো আর কেন্দ্রীয় বাহিনী দেবে না। মানুষের হৃদয়ে তো তৃণমূল আছে।” অভিষেক আরও দাবি করেন, এবার মনোনয়ন পেশ করার ক্ষেত্রেও বিরোধীরা বাধা পাননি। গ্রামের উন্নয়নে সাধারণ মানুষের জন্য তৃণমূল কী কী করেছে, সে কথা উল্লেখ করে অভিষেক বলেন, “কানে শুনে নয়, চোখে দেখে ভোট দিন।” কেন্দ্রের বিজেপি সরকার যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের টাকা আটকে রেখেছে, সে কথাও উল্লেখ করেছেন তিনি।

হুইলচেয়ার..., পায়ে মোটা প্লাস্টার..., হাসপাতাল থেকে বাড়ি গেলেন মুখ্যমন্ত্রী



দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাইঃ উত্তরবঙ্গের পঞ্চায়েত প্রচারে গিয়ে কপ্টার-দুর্ঘ্যেগে পরে জখম হয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর শারীরিক কৃশল নিয়ে উদ্বিগ্ন গোটা রাজ্যের মানুষ। আজই সকালে জানা যায় অস্ত্রোপচার সম্ভবত আজই হবে মুখ্যমন্ত্রীর। দুপুরেই তাঁকে এসএসকেএম হাসপাতালে আসতে দেখা যায়। শোনা যায় আজই সম্ভবত অস্ত্রোপচার হবে তাঁর। যদিও পরে হাসপাতাল সূত্রে স্পষ্ট করা হয়ে ঠিক কী হয়েছে মুখ্যমন্ত্রীর। এরপর সঙ্গে সাতটা পনরো নাগাদ বেরিয়ে আসতে দেখা যায় অভিষেক-সহ মমতাকে। হুইল চেয়ারে করেই বেরিয়ে আসেন মুখ্যমন্ত্রী। অভিষেক বন্দ্যোপাধ্যায়কে তাঁকে সাহায্য করতেও দেখা যায়। এরপরেই একটি হেলি নীল গাড়িতে হাসপাতাল চত্বর ছাড়েন মমতা। মুখ্যমন্ত্রীর গাড়িতেই ছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ও। এদিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের হাসপাতালের দায়িত্বে থাকা চিকিৎসকেরা জানিয়ে দেন, বাঁ হাটুর লিগামেন্টে চোট পেয়েছেন মুখ্যমন্ত্রী। অস্ত্রোপচার নয় একটি প্রক্রিয়া বা ‘প্রসিডিওর’ করা হয় মমতা বন্দ্যোপাধ্যায়ের। আর তার মাধ্যমেই বের করা হবে হাটুতে জমা ফ্লুইড। বৃহস্পতিবার বেলা ২ টো নাগাদ মমতা বন্দ্যোপাধ্যায় পিঁজি হাসপাতালে ঢুকে ইউ সি এম বিন্ডিংয়ে যান। সেখানেই মুখ্যমন্ত্রীর ডেক্সা স্ক্যান করা হয়। দুপুর ২টা ১৬ নাগাদ পনেরো তিনি উড্ডান রুকে ঢুকেন। এরপর বেলা ৩টা ৫০ নাগাদ তাঁকে তিনতলার ৪টি রুমে নিয়ে গিয়ে প্রসিডিওর শুরু করা হয় বিকেল ৫টা নাগাদ তাঁকে বার করে সাড়ে বারো নম্বর কেবিনে নিয়ে আসা হয় সেখানে চিকিৎসকেরা তাঁকে পর্যবেক্ষণে রাখেন। সন্ধ্যা ৬.১০ মিনিটে অভিষেক বন্দ্যোপাধ্যায় এসএসকেএম পৌঁছান। চিকিৎসকদের তরফে জানানো হয়, বাম পায়ের ফ্লুইড সফলভাবে বার করা হয়েছে। অর্থাৎ প্রক্রিয়া সফল হয়েছে বলা যেতে পারে। একইসঙ্গে দায়িত্বে থাকা চিকিৎসকেরা জানান, বয়স অনুযায়ী মুখ্যমন্ত্রীর হাড়ের ঘনত্ব ভাল। মমতা ট্রেড মিলে দীর্ঘক্ষণ হাঁটেন, এছাড়াও প্রতিদিন এক্সারসাইজ করেন, ফলে অন্য সবার থেকে তার আঘাত কম, এবং সেয়ে ওঠার সময়ও কম লাগবে। চিকিৎসকেরা আশাবাদী, দ্রুত স্বাভাবিক জীবনে ফিরতে পারবেন মমতা। তবে তাঁকে পায়ের ওপর চাপ না দিতে ও কিছুটা বিরাগের পরামর্শ দিয়েছেন চিকিৎসকেরা। দেওয়া হয়েছে ফিজিওথেরাপির পরামর্শও।

‘আমিও থাকব’, নন্দীগ্রাম নিয়ে বিরাট আশঙ্কা শুভেন্দুর! ষড়যন্ত্রে জুড়লেন মমতার নাম



দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ৬ জুলাইঃ বিধানসভা ভোটের পর এবার সান্নে পঞ্চায়েত নির্বাচন। আবার রাজ্য-রাজনীতির অভিমুখ নন্দীগ্রামের দিকে। ভোটের ভরকেন্দ্র যেন নন্দীগ্রাম। একুশের বিধানসভা ভোটে মমতা বন্দ্যোপাধ্যায়কে হারিয়ে এই আসনে জয়ি হয়েছেন শুভেন্দু। তারপর থেকে শাসক বিরোধী, দু’দলের কাছেই নন্দীগ্রাম প্রেস্টিজ ফ্যাক্ট হয়ে দাঁড়িয়েছে। কিছুদিন আগে অভিষেক বন্দ্যোপাধ্যায় নন্দীগ্রামে গিয়ে সরাসরি চ্যালেঞ্জ ছুড়ে দেন শুভেন্দু অধিকারীকে। পাণ্টা জবাব দেন শুভেন্দু। বিধানসভা ভোটের মতই কি পঞ্চায়েতে লড়াইয়ে নজর কাড়বে নন্দীগ্রাম? বৃহস্পতিবার পঞ্চায়েত নির্বাচন ২০২৩-এর প্রচারের শেষ দিনে নন্দীগ্রামে শুভেন্দু অধিকারীর গলায় শোনা গেল হুম্কার। তাঁর দাবি, “চোর মুক্ত পঞ্চায়েত আমরা চাই, আমরা দলের পঞ্চায়েত নয়, মানুষের পঞ্চায়েত চাই। ইতিমধ্যে ১৮-১৯ জন মারা গিয়েছেন। কী মধু আছে পঞ্চায়েতে? এ এক অন্ধুত রাজ্য। আমরও সকালে বীরভূমে বিজেপির একজনের মৃতদেহ উদ্ধার হয়েছে। রাজ্যজুড়ে অসংখ্য উদহরণ রয়েছে এমন। তৃণমূল জঙ্গলের রাজত্ব তৈরি করছে।” ভোটের দিন নন্দীগ্রামে ভোট লুঠ হবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন শুভেন্দু অধিকারী। তাঁর দাবি, “আরও একটা ১৪ মার্চ ঘটাতে চান মমতা বন্দ্যোপাধ্যায়। শওকত মল্লার বাহিনী পাঠাচ্ছে এখানে। নৌকা করে বাহিনী ঢেকানো হবে। আমরাও দেখব। আমিও থাকব ভোটের দিন। মমতা বন্দ্যোপাধ্যায় হয়েছে, কিন্তু আপনারা দেখছেন কীভাবে অত্যাচার করছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। আজকে যদি এখানে এই পাট নির্বাচিত হয় তাহলে এখানে শান্তি থাকবে না, অশান্তি বিরাজ করবে। আমরা এত সহজে ছেড়ে দেব না। কেউ মণ্ডলকে আমরা শাসেস্তা করেছি।” নন্দীগ্রাম থেকে সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করেন শুভেন্দু। তাঁর দাবি, “এখন হাসপাতালে ঢুকে গেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। ভোট এড়িয়ে হাসপাতালে। ভোটের দিন নন্দীগ্রামকে অশান্ত করতে দেব না। কেন্দ্রীয় বাহিনীকে বসিয়ে রেখেছে, আপনারা দেখতে পাচ্ছেন? এভাবে কেন্দ্রীয় বাহিনীকে দমন করা যাবে না। আমরা জানি ভোট লুঠ করতে আসবে, অন্তত একটা সাক্ষী পাওয়া যাবে। মমতা বন্দ্যোপাধ্যায় হচ্ছে ভূত, তাই আমরা জয় শ্রীরাম বলে ভূত তাড়াতে।” পঞ্চায়েত নির্বাচনের প্রচারের শেষ দিনে নন্দীগ্রাম জুড়ে জনসংযোগ কর্মসূচি রয়েছে শুভেন্দু অধিকারীর। একের পর এক জনসংযোগ কর্মসূচি নন্দীগ্রাম ১ নম্বর ব্লকে শুরু করেছেন তিনি। এদিন শেষ শুভেন্দু অধিকারীর বক্তব্যে উঠে আসে লম্বীর ভাণ্ডারের কথা। শুভেন্দুর কথায়, “৫০০ টাকায় কিছু হয় না, আমরা ২০০০ টাকা করে দেব।” বিজেপি কর্মী-সমর্থকদের শুভেন্দুর আশ্বাস, “ভোটের দিন আছি আমি। গণনার দিন আমি বাইরে ক্যাম্পে থাকব।”

মাত্র ৪৮-এ থেমে গেল কণ্ঠ, প্রয়াত ‘মুলান’ খ্যাত সঙ্গীতশিল্পী কোকো লি



লস অ্যাঞ্জেলস, ৬ জুলাই : মাত্র ৪৮ বছর বয়সেই থেমে গেল কণ্ঠ! প্রয়াত হয়েছেন ‘ খ্যাত গায়িকা কোকো লি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৮ বছর। দীর্ঘ দিন অবসাদে ভুগছিলেন গায়িকা, দাবি তাঁর দুই দিদিরা। গত সপ্তাহে নিজেই আত্মহত্যা করার চেষ্টা করেন। তড়িঘড়ি নিয়ে যাওয়া হয় হাসপাতালে। এক সপ্তাহ ধরে কোমাতে ছিলেন কোকো। এমনটাই জানিয়েছেন তাঁর দুই দিদি কারল এবং ন্যান্সি লি।শেষ কয়েক বছর ধরে খুব একটা ভাল সময়ের মধ্যে দিয়ে যাচ্ছিলেন না তিনি। এ কথা ইনস্টাগ্রামে জানিয়েছেন কোকোর দিদিরা। হংকংয়ে জন্ম হলেও তিনি বড় হয়েছেন আমেরিকায়। স্যান ফ্র্যানসিস্কোতে পাশোনা শেষ করেন তিনি। তারপর হংকংয়ের একটি সঙ্গীত প্রতিযোগিতায় অংশ নিয়ে জয়ী ও হয়েছিলেন। ১৯৯৪ সালে মুক্তি পেয়েছিল তাঁর প্রথম গানের অ্যালবাম। ঝু লিতে রয়েছে তাঁর অসংখ্য হিট গান।

দলাই লামার ৮৮ তম জন্মদিনে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

নয়াদিল্লি, ৬ জুলাই : ৬ জুলাই তিব্বতের আধ্যাত্মিক গুরু দলাই লামার জন্মদিন। দলাই লামার ৮৮ তম জন্মদিনে তাকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি । এবং বৃহস্পতিবার তাকে ফোন করে কথাও বলেছেন মোদী।প্রধানমন্ত্রী মোদি একটি টুইট বার্তায় বলেছেন, পরম পবিত্র দলাই লামার সঙ্গে কথা বলেছি এবং তার ৮৮তম জন্মদিনে তাকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছি। তার দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করি।

চিনে ভারী বর্ষণে ১৫ জনের প্রাণহানি


বেজিং, ৬ জুলাই : চিনের দক্ষিণাঞ্চলের শহর চংকিং শহরে প্রবল বৃষ্টিতে অন্তত ১৫ জনের প্রাণহানি ঘটেছে। প্রেসিডেন্ট শি জিনপিং জনগণকে চরম আবহাওয়া থেকে রক্ষণে আরও বেশি প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন।ভারী বৃষ্টিতে সাম্প্রতিক সপ্তাহগুলোতে বিধ্বংসী বন্যা ও ভূমিধসের মতো ঘটনা ঘটেছে। পাশাপাশি শিলাবৃষ্টি ও উচ্চ তাপমাত্রা দেশের বিভিন্ন স্থানে দুর্দশা নামিয়ে এনেছে। অনেকে মনে করছেন, এটি বিশ্ব উষ্ণায়নের ফল। চংকিং শহরে বন্যায় বহু মানুষ ঘরবাড়ি ছাড়া হয়েছেন। বিভিন্ন সেন্ট্র ভেঙে গেছে। বাড়ি ও গাড়ি জলে ভেসে গেছে।চিনের রাষ্ট্রীয় বার্তাসংস্থা সিনহুয়া এক প্রতিবেদনে বলছে, সাম্প্রতিক দিনগুলোতে ১৫ জনের প্রাণহানি

অবিরাম বৃষ্টিতে বন্যা পরিস্থিতি কেরলের নানা প্রান্তে, এখনও জারি হলুদ সতর্কতা

তৃিবননপুরম, ৬ জুলাই : অবিরাম বৃষ্টির জেরে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে কেরলের নানা প্রান্তে। অবিশ্রান্ত বৃষ্টিপাতের কারণে কাঞ্চাদ নদীর জলস্তর বেড়ে গিয়েছে এবং কান্নুর শহরের জনবসতিপূর্ণ এলাকায় নদীর জল প্রবেশ করেছে। বন্যায় প্রাণিত অঞ্চল ব্যবহারে লোকজনকে নিরুসাহিত করতে অস্বাধী ব্যারিকেডিং করা হয়েছে।কোটায়াম শহরের কয়েকটি জনবসতিপূর্ণ এলাকাও অবিরাম বৃষ্টির কারণে জলমগ্ন হয়ে পড়ছে, কদুর নদীর জল উপচে পড়ছে। এই জেলায় হলুদ সতর্কতা জারি করা হয়েছে। শুধুমাত্র কেরল নয়, ভারী বৃষ্টি হচ্ছে কর্ণাটকেও। ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি) কর্ণাটকের উপকূলবর্তী দক্ষিণ ও উত্তর কন্নড় এবং উড়ুপি জেলায় তারি বুধর লাল সতর্কতা জারি করেছে। বেলগাভি, ধারওয়াদ, চিত্রদুর্গ-এ কমলা সতর্কতা এবং চিক্কামাগলুরু, হাসান, কোদাগু এবং শিবমোগা জেলায় জারি রয়েছে হলুদ সতর্কতা।

শক্তিশালী ভারত গড়তে নিজের জীবন উৎসর্গ করেছিলেন শ্যামাপ্রসাদ মুখার্জিঃ নরেন্দ্র মোদী

নয়াদিল্লি, ৬ জুলাই : জন্মজয়ন্তীতে জনসংঘের প্রতিষ্ঠাতা, ভারত কেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জিকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার সকালে এক টু ইট বার্তায় প্রধানমন্ত্রী লিখেছেন, শক্তিশালী ভারত গড়তে নিজের জীবন উৎসর্গ করেছিলেন শ্যামাপ্রসাদ মুখার্জি। তাঁর আদর্শ ও নীতি দেশের প্র তি টি পু জন্মকে অনুপ্রাণিত করবে।৬ জুলাই



জনসংঘের প্রতিষ্ঠাতা ও ভারত কেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি

শেষ পাওয়া খবর অনুযায়ী, বিগত ৫-দিনে ৬৭ হাজারের বেশি তীর্থযাত্রী পবিত্র গুহা দর্শন করেছেন। গত ১ জুলাই থেকে শুরু হয়েছে বার্ষিক অমরনাথ যাত্রা, এই ৫-দিনের মধ্যে ৬৭,৫৬৬ জন

হয়।আদিবাসী দশমত রাওয়াতকে হাত ধরে ভোপালে মুখ্যমন্ত্রী ভরনে নিয়ে আসেন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। এরপর দশমতকে সামনে বসিয়ে তার পা ধুইয়ে দেন শিবরাজ সিং চৌহান। দশমত রাওয়াতকে সামনে বসিয়ে শিবরাজ সিং চৌহান তাঁর কাছে ক্ষমাও চেয়ে নেন। দশমতের সঙ্গে যা হয়েছে, তার জন্য তিনি লজ্জিত বলে জানান শিবরাজ। মানুষ তাঁর কাছে ভগবান স্বরূপ বলেও মন্তব্য করেন তিনি। শিবরাজ বলেছেন, আমার কাছে দরিদ্র

দুশুর এবং মানুষ আমার কাছে ঈশুরের মতো। মানুষের সেবা করা ঈশুরের উপাসনার সমান। আমরা বিশ্বাস করি ঈশ্বর প্রতিটি মানুষের মধ্যে বাস করেন। দশমত রাওয়াতের সঙ্গে যে অমানবিক ঘটনা ঘটেছে তাকে আমি ব্যথিত...গরিবদের জন্য সম্মান এবং নিরাপত্তা গুরুত্বপূর্ণ। মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান এদিন দশমত রাওয়াতের সঙ্গে ভোপালের স্মার্ট সিটি পার্ক পরিদর্শন করেন এবং চারাগাছ রোপণ করেছেন।উল্লেখ্য, ৫ জুলাই গ্রেফতার

আগামী ১৯ জুলাই সর্বদলীয় বৈঠক ডাকল কেন্দ্রীয় সরকার। বৃহস্পতিবার সরকার সূত্রে জানা গিয়েছে, সংসদের বাদল অধিবেশনের আগে কেন্দ্রীয় সরকার

রোহিণী এলাকায় অভিযান চালায় পুলিশ। তাদের দেখেই কামিল পালানোর চেষ্টা করে। এরপর শুরু হয় গুলির লড়াইও, শেষমেশ ‘কি লার’-কে গ্রেফতার করে পুলিশ।দিল্লি পুলিশের স্পেশাল সেল

রোহিণী সেক্টর ২৯-৬০-এর আশেপাশে একটি এনকাউন্টারের পরে কামিল নামে ওই কন্ট্রাক্ট কি লারকে গ্রেফতার করেছে।

রোহিণী সেক্টর ২৯-৬০-এর আশেপাশে একটি এনকাউন্টারের পরে কামিল নামে ওই কন্ট্রাক্ট কি লারকে গ্রেফতার করেছে। পুলিশের মতে কামিলের বিরুদ্ধে ১২টিরও বেশি মামলা নথিভুক্ত রয়েছে, যার মধ্যে সাম্প্রতিক মামলাটি রয়েছে যেখানে দিল্লির জমা মসজিদ এলাকায় গুলিবর্ষণে একজন ব্যক্তির মৃত্যু হয়েছিল। কামিলের কাছ থেকে একটি পিস্তল উদ্ধার হয়েছে ও জিজ্ঞাসাবাদ চলছে।

গণহতয়ার ইঙ্গিত দিল? কিন্তু একটা প্রেমের গল্পে এই প্রসঙ্গ টানার অর্থ কী? যদি এটা নিয়ে ঠিকভাবে কাজ করা না যায় তাহলে প্রবল সমালোচনার ঝড় বয়ে যাবে। কোনও কিছুই ওই দুু খজকণ ঘটনাকে সঙ্গে তুলনা করা যায় না। অপর একজন লেখেন, ‘



জিজ্ঞাসা করা হয়েছিল, তখনই তিনি এই উত্তর দেন।২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিরোধীরা কতগুলি আসনে জিতবে, সেই উত্তরও দিয়েছেন লালু। তাঁর কথায়, অন্ততপক্ষে ৩০০ আসন। মেডিকেল

চেকআপের জন্য এদিন দিল্লিতে এসেছেন লালু। এদিন মহারাষ্ট্রের রাজনৈতিক পরিস্থিতি নিয়েও মুখ খুলেছেন তিনি। বলেছেন, অব্যাহ্তি নেতারা চলে যাওয়ায় শরদ পওয়ার এখন আরও শক্তিশালী হয়ে



বৈঠকে অংশগ্রহণ করতে এসেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।ধারণা করা হচ্ছে, ২৪-এর সংসদীয় নির্বাচন নিয়ে উত্তর-পূর্বাঞ্চল সহ পূর্ব ভারতের রাজ্যগুলিতে নির্বাচনী রণকৌশল তৈরি করা হবে আজকের গুরুত্বপূর্ণ বৈঠকে।চলমান বৈঠকে

প্রধানমন্ত্রী এদিন সকালে টু ইটারে নিজের মনের কথা তুলে ধরে লেখেন, মহান জাতীয়তাবাদী চিন্তাবিদ, শিক্ষাবিদ এবং ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জিকে তাঁর জন্মবার্ষিকীতে শত শত প্রণাম। তিনি একটি শক্তিশালী ভারত গড়তে নিজের জীবন উৎসর্গ করেছিলেন। তাঁর আদর্শ ও নীতি দেশের প্রতিটি প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

রামবান জেলা প্রশাসন অমরনাথ যাত্রা তীর্থযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধাও প্রদান করছে। সবমিলিয়ে মসৃণভাবেই চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। ৬২-দিন ব্যাপী এই তীর্থযাত্রার সমাপ্তি আগামী ৩১ আগস্ট।

করা হয় বিজেপি নেতা প্রভেস শুক্লাকে। আদিবাসী শ্রমিক দশমত রাওয়াতের গায়ে মূত্রত্যাগ করেন প্রভেশ নামে ওই বিজেপি নেতা। যে ভিডিও ভাইরাল হতেই শোরগোল শুরু হয়ে যায়। ভিডিও ভাইরাল হতেই প্রভেশকে গ্রেফতার করে পুলিশ। পাশাপাশি ওই বিজেপি নেতার বৈআহিনি দখলও গুঁড়িয়ে দেওয়া হয়। এরপরই প্রভেশ শুক্লা বিরুদ্ধে জাতীয় নিরাপত্তা আইনে অভিযোগ দায়েরের নির্দেশ দেন শিবরাজ সিং চৌহান।

ছত্তিশগড়-সহ ৪-রাজ্যে প্রধানমন্ত্রীর সফর শুরু ৭ জুলাই, দু’দিনে রয়েছে ঠাসা কর্মসূচি

নয়াদিল্লি, ৬ জুলাই :দু’দিনের সফরে ছত্তিশগড়-সহ ৪-রাজ্যে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আগামী ৭ ও ৮ জুলাই ছত্তিশগড়, উত্তর প্রদেশ, তেলেঙ্গানা ও রাজস্থানে যাচ্ছেন প্রধানমন্ত্রী, এই ৪-রাজ্যে নানা কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রী মোদীরা। দু’দিনের এই সফরে প্রধানমন্ত্রী প্রায় ৫০ হাজার কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।ছত্তিশগড় থেকে শুরু হবে সফর. প্রথম দিন ছত্তিশগড়ের রায়পুরে প্রায় ৬,৪০০ কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্প-সহ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্তর স্থাপন করবেন তিনি। একই দিনে, তিনি উত্তর প্রদেশের গোরক্ষপুর থেকে দু’টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন। বারাণসীতে তিনি একটি জনসভায় যোগ দেবেন এবং একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন।পরবর্তী দিন, ৮ জুলাই জাতীয় মহাসড়ক-প্রকল্প সহ তেলেঙ্গানার ওয়ারান্গালে প্রায় ৬,১০০ কোটি টাকা মূল্যের বেশ কয়েকটি পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী। পরে, তিনি রাজস্থানের বিকানেরে ২৪,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্তর স্থাপন করবেন। মোদী সেখানে একটি নতুন ৬০ শয্যা বিশিষ্ট কর্মচারীদের রাজ্য বীমা কর্পোরেশন হাসপাতাল উৎসর্গ করবেন।


কেদারনাথ মন্দির চত্বরে বানানো যাবে না ভিডিও, পুলিশকে ব্যবস্থা নেওয়ার কড়া নির্দেশ



দহরাদুন, ৬ জুলাই : সোশ্যাল মিডিয়ায় জনপ্রিয় হওয়ার বাসনা এখন সকলের মনে, তাই নোটিজনরা বেছে নিয়েছেন রিল ভিডিও-কো। আবার গোটা দেশ এখন ইউটিউবারে ছয়লাপ। এবার কেদারনাথ মন্দিরের গর্ভগৃহ থেকে ইউটিউব শর্টস ও রিল ভিডিও বানানোয় প্রশাসনের কোপে অভিযুক্ত নোটিজনরা। ঘটনা সামনে আসতেই শ্রী বত্নীনাথ-কেদারনাথ মন্দির কমিটি শ্রী কেদারনাথ ধাম পুলিশকে চিঠি দিয়েছে।নির্দেশ দিয়েছে, মন্দিরের আশেপাশের এলাকা কর্টোরভাবে পর্যবেক্ষণ করতে এবং এই ধরনের কোনও ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় তাঁর জন্য অভিযুক্ত ইউটিউব শর্টসভিডিওইনস্টাগ্রাম রিল তৈরিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে। কেদারনাথের নিরাপত্তার দায়িত্বে থাকা শ্রী কেদারনাথ ধাম পুলিশ জানিয়েছে, এই ঘটনায় উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

কোভিড-সংক্রমণ কমে পৌঁছল ৪২-এ ভারত সক্রিয় রোগীর সংখ্যা কমে ১,৪৫২

নয়াদিল্লি, ৬ জুলাই : ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের সামান্য কমে, বিগত ২৪ ঘটায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন মাত্র ৪২ জন। বৃথবার সারাদিনে ভারতে করোনায় কারও মৃত্যু হয়নি। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১,৪৫২-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসারান্নি রয়েছে ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১০।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬১,০৮৭ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে



৯৮.৮১ শতাংশ। বিগত ২৪ ঘটায় টিকা পেয়েছেন ০০,৪৬৬ জন, মোট ক রোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৪১,৪০৪ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৫ জুলাই সারা দিনে ভারতে ৫৩,৫৯০ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

দক্ষিণ আফ্রিকায় গ্যাস লিক মারাত্মক পরিণতি! প্রাণ হারালেন শিশু ও মহিলা-সহ ১৬ জন

জোহানেসবার্গ, ৬ জুলাই : দক্ষিণ আফ্রিকায় জোহানেসবার্গের পূর্ব বোকসবার্গের কাছে নাইট্রেট অক্সাইড গ্যাস লিক করে ১৬ জনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে মহিলা ও শিশু রয়েছে। স্থানীয় সময় অনুযায়ী, বৃথবার (৫ জুলাই) জোহানেসবার্গের বোকসবার্গের একটি অনুমোদনহীন কবরিতে এই বিপত্তি ঘটে। এরসঙ্গে ওই এলাকায় অবৈধ সোনার খনির সংশ্লিষ্টরা রয়েছে।বিশেষ সোনার খনিতে প্রায়ই নাইট্রেট অক্সাইড গ্যাস বারহুত হয়। এটি স্থানীয়ভাবে ঝামা ঝামাস নামে পরিচিত। মূলত পরিত্যক্ত খনির খাদ থেকে চুরি করা মাটি থেকে সোনা আহরণ করতে এটি ব্যবহার করা হয়ে থাকে। বোকসবার্গের ঘনবসতিপূর্ণ অ্যাস্বেলো সার্টে শহরে বিষাক্ত এই গ্যাসের একটি সিলিভার পাওয়া যায়। আর সেখানে গ্যাস লিকের ঘটনা ঘটে-সেই স্থানের ১০০ মিটারের (৩২৮ ফিট) মধ্যে নিহতদের পাওয়া যায়। আশঙ্কা করা হচ্ছে, ওই এলাকা থেকে আরও মরদেহ পাওয়া যেতে পারে।

রেকর্ড বৃষ্টিতে পাকিস্তানের পঞ্জাবে মৃত ৯, লাহোরেই প্রাণ হারালেন ৭ জন

লাহোর, ৬ জুলাই : রেকর্ড পরিমাণ বৃষ্টিতে পাকিস্তানের পঞ্জাব প্রদেশে মৃত্যু হয়েছে ৯ জনের। শুধুমাত্র পঞ্জাব প্রদেশের লাহোরে প্রবল বৃষ্টিপাতে কমপক্ষে সাত জনের মৃত্যু হয়েছে। শহরের বিস্তীর্ণ এলাকা বৃহস্পতিবারই জলমগ্ন। মূলত বাড়ি ভেঙে পড়া, বিদ্যুৎস্পৃষ্ট হওয়া, জলে ডুবে যাওয়াই প্রাণহানির কারণ। বহু সম্পত্তির ক্ষতি হয়েছে। পাকিস্তানের আবহাওয়া দফতর জানিয়েছে, প্রবল বৃষ্টিপাতে সে দেশের বহু শহরে বন্যার পরিস্থিতির সৃষ্টি হতে পারে।বৃথবার অল্প সময়ের ব্যবধানে রেকর্ড পরিমাণ বৃষ্টি হয় লাহোর-সহ পাকিস্তানের পঞ্জাব প্রদেশের নানা প্রান্তে। সর্বত্র জল জমে যায়। সেই বৃষ্টি এখনও থামেনি। বরং বৃষ্টি আরও বাাতে পারে বলে জানিয়েছে পাকিস্তানের আবহাওয়া দফতর। জারি করা হয়েছে সতর্কতাও। আগামী ২৪ ঘন্টার মধ্যে আরও বৃষ্টি হতে পারে।

মেক্সিকোয় যাত্রীবাহী বাস গিরিখাতে উল্টে মৃত্যু ২৭ জনের, আহত কমপক্ষে ২১ জন

মেক্সিকো সিটি, ৬ জুলাই :মেক্সিকোর দক্ষিণাঞ্চলীয় ওজ্জাকা স্টেটে একটি যাত্রীবাহী বাস গিরিখাতে উল্টে অন্তত ২৭ জন যাত্রী প্রাণ হারিয়েছেন। এছাড়াও ২১ আহত হয়েছেন, তাঁদের মধ্যে ১২ জনের অবস্থা সঙ্কটজনক। স্থানীয় সময় অনুযায়ী, ৫ জুলাই বাসটি মেক্সিকো সিটি থেকে ওজ্জাকার চালকটান্সে দে হিডালগো যাচ্ছিল। তলান্নিগুয়ে মাগতালেনা পেনাঙ্কো চারের পিছনে বাসটি গিরিখাতে পড়ে যায়।স্থানীয় প্রশাসন জানিয়েছে, ২৫ মিটারের বেশি গভীর গিরিখাতে উল্টে অন্তত ২৭ জন যাত্রী প্রাণ হারিয়েছেন। এছাড়াও ২১ আহত হয়েছেন। রাষ্ট্রীয় আর্টার্নি জেনারেলের কার্যালয় জানিয়েছে, যাত্রীবাহী বাসের চালক ইউনিটের নিয়ন্ত্রণ হারিয়ে গিরিখাতে পড়ে যায়। মৃতদেহগুলিকে স্থানীয় অ্যাম্ফিথিয়েটারে স্থানান্তরিত করা হয়েছে এবং ১৭ জন আহতকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,৭জুলাইঃশুক্রবার, ২১ আষাঢ় মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৭জুলাই ২০২৩, ৫৬৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ২১ আষাঢ়মাস, চান্দ্র ৭ মঘসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৭ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২১ আষাঢ় মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২০ আষাঢ়মাস ১৯৪৪,মৈতৈঃ১১ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপুজার গতস্থানঃ ৫০(৮)।শুক্ল পক্ষ তিথিঃগণ্ডমী (ভদ্রা) রাত্রিঃ০৮৫২৮৪০১ দং ৬৭৮৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবিজি রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৪ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ১৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ০৫ঃ০৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ৪৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৪ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহমুখ্যঃ(সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৬) ২ পদবৃহঃ ০২২২৫ (১) ১ পদবৃক্ষপতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৬ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪
আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.৪ডিগ্রী সেলসিয়াস (৯২) সর্বনিম্ন ২৫.০৪এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলা।। আংশিক্কি আর্দ্রতা হবে ৮১শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়েছে সোমবার। জোয়ার-সকাল ১১টা ২০ মিনিট এবং রাত ১১টা ২০মিনিট হবে। ভর্মি-সকাল-১১টা ২০মিনিট।রাত-১১টা ২০ মিনিট।সূর্যউদ্য আজঃ ৪ টি ৫৭মিনিটে এবং সূর্য অস্ত যাবে ৬ টি ১৬ মিনিটে
রাশিফল
মেষরাশিঃ সূচনশীল শখ আপনাকে চান্দ্রমুখ্ত রাখবে। একজন নিমন্ত্রিত অতিথি আজ আপনার বাড়িতে আজ আসবে বৃষভ রাশিঃশারীরিক সুস্থতা এবং ওজন কমানোর কর্মসূচী। আপনাকে আরো ভালো আকারে আনতে সাহায্য করবে। শুভদিন মিথুন রাশিঃআপনার সন্তানকে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যমে স্বাস্থ্যের বিকাশ ঘটতে পারে। কৈনৈও পুরানো বন্ধু আজ আপনাকে আর্থিক সাহায্য চাইতে পারে। বিবাহের যোগ হতে পারে কর্কট রাশিঃযেহেতু, আপনি শক্তি নয় ইচ্ছা হারিয়ে ফেলছেন, তাই আপনার প্রকৃত সম্ভাবনা উপলব্ধি করুন। অর্থ ব্যয় হবে। সিংহ রাশিঃবন্য প্রাণীদের সাথেএ শ্বাস্থ্য সুন্দর থাকবে। অর্থ বিনিয়োগে এবং সঞ্চয় সম্পর্কে আপনার পরিবারের সদস্যদের সাথে আজ কথা বলতে হবে। তাদের পরামর্শ আপনার আর্থিক পরিস্থিতির উন্নতিতে সহায়ক হিসাবে প্রমাণিত হবে। শুভদিন কন্যা রাশিঃআপনার সব সমস্যার জন্য সেরা প্রতিবেদক হল হাসি। আপনি যদি কোনও ঋণ গ্রহীতাকে দীর্ঘদিন থেকে আপনার সৃষ্টি হতে পারে।বৃথবার অল্প সময়ের ব্যবধানে রেকর্ড পরিমাণ বৃষ্টি হয় লাহোর-সহ পাকিস্তানের পঞ্জাব প্রদেশের নানা প্রান্তে। সর্বত্র জল জমে যায়। সেই বৃষ্টি এখনও থামেনি। বরং বৃষ্টি আরও বাাতে পারে বলে জানিয়েছে পাকিস্তানের আবহাওয়া দফতর। জারি করা হয়েছে সতর্কতাও। আগামী ২৪ ঘন্টার মধ্যে আরও বৃষ্টি হতে পারে।
মেক্সিকোয় যাত্রীবাহী বাস গিরিখাতে উল্টে মৃত্যু ২৭ জনের, আহত কমপক্ষে ২১ জন
মেক্সিকো সিটি, ৬ জুলাই :মেক্সিকোর দক্ষিণাঞ্চলীয় ওজ্জাকা স্টেটে একটি যাত্রীবাহী বাস গিরিখাতে উল্টে অন্তত ২৭ জন যাত্রী প্রাণ হারিয়েছেন। এছাড়াও ২১ আহত হয়েছেন, তাঁদের মধ্যে ১২ জনের অবস্থা সঙ্কটজনক। স্থানীয় সময় অনুযায়ী, ৫ জুলাই বাসটি মেক্সিকো সিটি থেকে ওজ্জাকার চালকটান্সে দে হিডালগো যাচ্ছিল। তলান্নিগুয়ে মাগতালেনা পেনাঙ্কো চারের পিছনে বাসটি গিরিখাতে পড়ে যায়।স্থানীয় প্রশাসন জানিয়েছে, ২৫ মিটারের বেশি গভীর গিরিখাতে উল্টে অন্তত ২৭ জন যাত্রী প্রাণ হারিয়েছেন। এছাড়াও ২১ আহত হয়েছেন। রাষ্ট্রীয় আর্টার্নি জেনারেলের কার্যালয় জানিয়েছে, যাত্রীবাহী বাসের চালক ইউনিটের নিয়ন্ত্রণ হারিয়ে গিরিখাতে পড়ে যায়। মৃতদেহগুলিকে স্থানীয় অ্যাম্ফিথিয়েটারে স্থানান্তরিত করা হয়েছে এবং ১৭ জন আহতকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।



ভারতকেশরী ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিবসে বৃহস্পতিবার নবাবের তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন রাজ্যের সমবায় মন্ত্রী অরুণ রায়।

শিশুবান্ধব ইউরোকিডস বিদ্যালয় হাওড়ার আমতায়


দুরন্ত বার্তা, হাওড়া, ৬ জুলাই : গ্রামীণ হাওড়া জেলার আমতা ২ নং ব্লকের অন্তর্গত ধুইপুর গ্রামে উদ্বোধন হলো ইউরোকিডস নামে এক শিশু বান্ধব স্কুল। দেশ- বিদেশে উচ্চ প্রশংসিত যে স্কুলের মূল উদ্দেশ্য



দাস ও আমতা থানার ওসি অজয় কুমার সিং। স্বাগত ভাষণ জানান ইউরোকিডস আমতা শাখা ও আশা একাডেমির কর্ণধার বনমালী পাত্র। স্বাগত ভাষণে বনমালীবাবু বলেন, আজ আমার স্বপ্ন পূর্ণ হলো, প্রান্তিক গ্রামের শিশুরা উন্নত শিক্ষায় শিক্ষিত হয়ে উন্নত শিক্ষার আলো দেখুক এটাই আমার মূল উদ্দেশ্য। বনমালীবাবু উপস্থিত সকল অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানান। প্রাসঙ্গিক ভাষণে অধিাপ্রসাদ, ডিআইজি সুসেন্দ্র হীরা বলেন এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বিদেশে অনেক আছে, বনমালীবাবুকে ধন্যবাদ গ্রামের শিশুদের কথা ভাববার জন্য। শিক্ষাবিদ সন্তোষ কুমার দাস দীর্ঘ ভাষনে শিশু শিক্ষার নানা দিক তুলে ধরেন। আমতা থানার ওসি অজয় কুমার সিং বলেন, শুভ প্রয়াস। সাথে সাথে তিনি শিক্ষক ভান্ডার আদক, শিক্ষক ও বিজ্ঞান কর্মী অজয় মার্মা, প্রাক্তন প্রধান শিক্ষক দেবাশিস দীর্ঘাঙ্গী, বিশিষ্ট শিক্ষক শঙ্কর প্রসাদ দে, প্রাক্তন শিক্ষক বিশ্বনাথ চক্রবর্তী প্রমুখ। সমস্ত অতিথিবৃন্দকে আন্তরিক ভাবে বরণ করে নেন- মোনালিসা পাত্র, মধুর্ণা পাত্র, মধুরিমা পাত্র, সপ্তিক পাত্র, ঈশিতা মাইতি, ঝুমা মার্মা ও নিকিতা পাত্র। সমস্ত অতিথিবৃন্দকে রমনা আয়োজন করেন বনমালী পাত্রর সহধর্মিণী অপর্যা পাত্র।বক্তব্যের মাঝে মাঝে সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশনে উপস্থিত সকলকে মুগ্ধ রাখেন-মনীষা দীর্ঘাঙ্গী, মনস্জিতা মেথুর, রমা সামন্ত, বাপি মার্মা প্রমুখ শিল্পী বৃন্দ। সমগ্র উদ্বোধন অনুষ্ঠানের পরিকল্পনা করেন অসীম কুমার মিত্র ও দীপংকর মার্মা। সমাপ্তি সংগীত ও সঞ্চালনা করে সকলের মন জয় করেন শিল্পী শ্রুঙ্গা রীতি।

কাটিহার ডিভিশনে ধুমডাঙ্গী-মঙ্গুরজান সেকশনে অটোমেটিক ব্লক সিগনালিং সিস্টেম চালু

মালিগাঁও, ৬ জুলাই : উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কাটিহার ডিভিশনের অন্তর্গত ধুমডাঙ্গী-তিনমাইল হাট-মঙ্গুরজান সেকশনে ৬ জুলাই, ২০২৬ তারিখে বিদ্যমান প্যানেল ইন্টারলকিং সিস্টেম প্রতিস্থাপন করে সফলভাবে দ্বিতীয় অটোমেটিক ব্লক সিগনালিং সিস্টেম চালু করে। অটোমেটিক সিগনালিং সিস্টেম চালু হওয়া সেকশনটিতে ১৫ কিলোমিটার এলাকার ট্র্যাক আওতাভুক্ত করা হয়েছে, নিউ জলপাইগুড়ি ইয়ার্ড হয়ে আমবাড়ি ফালকাটা থেকে ৫৬ কিলোমিটার সেকশন এই আগশ্রেণিতে ব্যবস্থার দ্বারা তৈরি হয়েছে। অটোমেটিক ব্লক সিগনালিং সিস্টেমটি ট্রেন চলাচলের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রণ ও পরিচালনায় সাহায্য করে, যার ফলে পরিবহণ দক্ষতাবহ উন্নতিসাধন হয় এবং এই সিস্টেম স্থাপন করা অঞ্চলের মধ্যে ট্রেনের দ্রুত পরিচালনা নিশ্চিত করে। অটোমেটিক সিগনালিং সিস্টেম চালানোর ক্ষমতা অনেকটাই বৃদ্ধি করে যাতে একই সেকশনে অধিক ট্রেন পরিচালনা করা যায়। ধুমডাঙ্গী-তিনমাইল হাট-মঙ্গুরজান সেকশনটিতে সুপারভাইজার ট্র্যাক সেকশন রিসেটিং সহ ৯৮টি মাল্টি সেকশন ডিজিটাল অ্যান্ড্রেল কাউন্টারের পাশাপাশি ০৬ অটো হাট- এর ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও, অটোমেটিক সিগনালিং সেকশনের মধ্যে আগমন ও প্রস্থানের সময় ট্রেনের চলাচল স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার জন্য ১৭টি চার এসপ্যান্ডি অটো সিগনালিং ব্যবস্থা প্রদান করা হয়েছে। এন. এফ. রেলওয়ের এই সেকশনে বাস্তবায়িত হওয়া বস্তুকট্টনিক ইন্টারলকিং সিস্টেমটিতে হট স্ট্যান্ডবাই সিস্টেম সহ প্রতিটি অটো হাট-এ লজিক টেকনোলজি রয়েছে। অটো হাট থেকে ইউনিটার্সেল-ফেইল-সেফ-ব্লক-ইন্টারলকিং ব্যবহার করে ফেইল-সেফ- ইন্টারকেশন অব ডেটোর ব্যবস্থাও এই সিস্টেমে থাকবে। হাট-এ বাধার জন্য পাওয়ার সাপ্লাইয়ের জন্য ১০০ এএইচ ব্যাটারি ব্যাককপ মিনি ইন্টিগ্রেটেড পাওয়ার সাপ্লাই সিস্টেম স্থাপন করা হয়েছে। স্ট্যান্ডবাই ডিডিও ডিসপেই ইউনিটের সাথে অটো হাট ও সংলগ্ন স্টেশনগুলির মধ্যে নন-ভাইটাল ইন্টারলকিংয়ের জন্য এনডি এমইউএঞ্জ ব্যবস্থাও করা হয়েছে। সেকশনটিতে অন্যান্য সমস্ত ব্যবস্থার পাশাপাশি অটোমেটিক সিগনাল অ্যান্ড অ্যাপ্রোচ ওয়ানিং সিস্টেম সহ ০৮টি নেভেল ক্রসিং গেটের ইন্টারলকিং স্থাপন করা হয়েছে। অটোমেটিক সিগনালিং সিস্টেম ইতিমধ্যে ভারতীয় রেলওয়ের বেশি ট্র্যাফিক থাকা সেকশনগুলিতে উন্নত সুরক্ষা ও দক্ষতা সহ সফলভাবে কাজ করছে। যানজটপূর্ণ সেকশনগুলিতে অধিক ট্রেন পরিচালনার সুবিধার জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে এই নতুন আগশ্রেণিতে অটোমেটিক ব্লক সিগনালিং সিস্টেমের দ্বারা বিদ্যমান সিগনালিং সিস্টেম আগশ্রেড করার পরিকল্পনা করেছে।



শেষ দিনের প্রচার তৃণমূলের শ্রমিক সংগঠন
সৌরভ দাশ, বসিরহাট, ৬ জুলাই : গ্রামের পাশে শহর এই বার্তা নিয়ে বৃহস্পতিবার সকালে বসিরহাট ভাবলা স্টেশন চত্বরে প্রচার সারলো তৃণমূলের শ্রমিক সংগঠন আই.এন.টি.টি.ইউ.সি। মিছিলের আয়োজকরা জানান, বসিরহাট ভাবলা স্টেশন থেকে প্রচুর গ্রামের মানুষ ট্রেন ধরে কলকাতা সহ বিভিন্ন এলাকায় যান। তাদের কাছে তৃণমূল সরকারের উন্নয়নের বার্তা পৌঁছে দিতে এবং তৃণমূলকে ভোট দেওয়ার আর্জি নিয়েই এই প্রচার কর্মসূচী। ভাবলা প্ল্যাটফর্মে মিছিল করে, যাত্রীদের মধ্যে লিফলেট বিলি করা হয় আই.এন.টি.টি.ইউ.সির তরফে। মিছিলের নেতৃত্ব দেন বসিরহাট সাংগঠনিক জেলা আই.এন.টি.টি.ইউ.সির সভাপতি কৌশিক দত্ত।

যৌথ মঞ্চ হেল্পডেস্ক চালুর সিদ্ধান্ত

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাই : আগামী শনিবার নির্বাচনের কাজ করতে গিয়ে কোন ভোটকর্মী সমস্যার মুখোমুখি হলে তা জানানোর জন্য সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চ হেল্পডেস্ক চালু করার সিদ্ধান্ত নিয়েছে। আগামীকাল থেকে দুই দিন ছাড়াও গননার দিন এই ডেস্ক চালু হবে বলে মঞ্চের তরফে ঘোষণা হয়েছে। এইজন্য একটি ই মেইল আইডি থাকবে। sjmhelp@gmail.com এই ঠিকানায় কেউ অভিযোগ জানালে তাকে সহযোগিতা করা হবে বলে মঞ্চের তরফে জানান হয়েছে।

কুলপিতে মৃত্যু কংগ্রেস নেতার

দুরন্ত বার্তা, কুলপি, ৬ জুলাই : পঞ্চায়েত ভোটকে কেন্দ্র করে অশান্তি যেন আর থামছেই না। এবার ভোটের বলি হলেন এক কংগ্রেস নেতা। নিহতের নাম আলফাজ হালদার(৬২)। বৃহস্পতিবার কলকাতার হাসপাতালে মৃত্যু হয় আলফাজের। তিনি দক্ষিণ ২৪ পরগনার কুলপির দৌলতপুরের বাসিন্দা। এই ঘটনায় অভিযোগের আঙুল উঠেছে স্থানীয় তৃণমূল নেতৃত্বের দিকে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। এলাকায় প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, গত সোমবার রাতে কুলপির দৌলতপুরে নির্দল প্রার্থী গৌতম বন্দ্যোপাধ্যায়ের হয়ে প্রচারে বেরিয়েছিলেন আলফাজ। সেই সময় চুনফুলির মোড়ের কাছে তৃণমূল কর্মীদের সাথে বচসা শুরু হয় আলফাজের। ওই বুধেরই এবারে তৃণমূল কংগ্রেসের প্রার্থী নুরুদ্দিন হালদার। স্থানীয় মানুষদের দাবি নুরুদ্দিনের সাথে তার দীর্ঘদিনের একটা পারিবারিক বিবাদ ছিল এবং আলফাজ এলাকায় একজন ভালো কংগ্রেস কর্মী বলেই পরিচিত ছিলেন। অভিযোগ, সেই রাতেই তৃণমূল প্রার্থী নুরউদ্দিন হালদারের নির্দেশেই তৃণমূল কংগ্রেসের দুকুতী হামলা চালায় আলফাজের ওপর। ধারালো অস্ত্র নিয়ে এলোপাখাড়ি কোপ মারা হয় আলফাজকে। ঘটনার গুরুতর আহত অবস্থায় তাঁকে প্রথমে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে তার অবস্থার অবনতি হওয়ায় কলকাতায় স্থানান্তরিত করা হয়। বৃহস্পতিবার কলকাতার হাসপাতালে মৃত্যু হয় আলফাজের। এরপরই কামায় ভেঙে পড়েন গোটা পরিবার। ঘটনায় উত্তেজনা থাকায় এলাকায় মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী। তবে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে গঠা এই অভিযোগ অস্বীকার করে তৃণমূল নেতৃত্ব।

বিদেশযাত্রার অনুমতি, সুপ্রিম কোর্টে রুজিরা

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাই : বিদেশযাত্রার অনুমতি চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলেন তৃণমূল সাংসদ অভ্যেক বন্দ্যোপাধ্যায়ের স্ত্রী রুজিরা বন্দ্যোপাধ্যায়। বিনা কারণে বিদেশ যেতে বাধা দিচ্ছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। বৃহস্পতিবার বিষয়টি নিয়ে শীর্ষ আদালতের দৃষ্টি আকর্ষণ করেন



রুজিরার আইনজীবী কপিল সির্বলা ১২ জুলাই আবেদনের শুনানি রয়েছে। সূত্রের খবর, বৃহস্পতিবার শীর্ষ আদালতে কপিল সির্বল আর্জি জানিয়ে বলেন, ‘আগামী সোমবার এই বিষয় নিয়ে শুনানি করা হোক। তবে সোমবার পূর্ব নির্ধারিত মামলার শুনানি যেন তালিকা থেকে সরানো না হয়।’ সেই আবেদনে বিচারপতি সঞ্জয় কিষেন কউলের নেতৃত্বাধীন বেঞ্চ সাড়া দিয়েছে বলে সূত্রের দাবি। উল্লেখ্য, গত মাসে অভ্যেক বন্দ্যোপাধ্যায়ের স্ত্রী রুজিরা বন্দ্যোপাধ্যাকে বিদেশে যেতে বাধা দেয় অভিভাবক দফতর। কলকাতা বিমানবন্দরে আটকনের পরই সেখানেই অভ্যেক পত্নীকে নোটিশ ধরান আধিকারিকরা। দুবাই হয়ে থাইল্যান্ডের উদ্দেশ্যে রক্তনা হতে গিয়ে বাধার মুখে পড়েন তিনি। দুই সপ্তাহকে নিয়ে বিমানে গঠার আগে অভিভাবসন দফতরের আধিকারিকরা তাঁকে বাধা দেন।

দুরন্ত বার্তা, কলকাতা, ৬ জুলাই : তৃণমূল কংগ্রেসের যুব নেত্রী তথা টলিউড অভিনেত্রী সায়নী ঘোষের ওপর ক্ষু রু এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট (ইডি)-র আধিকারিকরা। তদন্তকারী সংস্থার তরফে জানা গিয়েছে, সায়নী ঘোষের পাঠানো নথি অসম্পূর্ণ। নিজের নামে থাকা ফ্ল্যাটের নথি জমা দিলেও, মায়ের নামে কেনা ফ্ল্যাটের কোনও নথি জমা দেননি তিনি। সায়নী এবং তাঁর পরিবারের সদস্যদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খতিয়ে দেখেও গুরুত্বপূর্ণ তথ্য মিলেছে বলে জানা গিয়েছে, সে সম্পর্কেও নাকি কোনও উল্লেখ নথিতে নেই বলে জানা গিয়েছে। সায়নী ঘোষের কাছ থেকে ইডি জানতে চায় যুব তৃণমূলের সায়নীর সঙ্গে কুন্তলের কী যোগ? তাঁর সম্পত্তির উৎসই বা কী? ইডি সূত্রের খবর নিয়োগ দুর্নীতিকাণ্ডের বেশি কিছু পরিমাণ টাকা গিয়েছিল সায়নীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে। সূত্র ছিল কুন্তল। অন্যদিকে ইডি সূত্রের খবর সায়নীর একটি ফ্ল্যাট সম্পর্কে নির্দিষ্ট কিছু তথ্য আগে থেকেই চেয়েছিল ইডি। সেগুলি নিয়েই তাঁকে হাজিরা দিতে নির্দেশ

রাজ্যের পুলিশ ও শাসকদের ওপর ভরসা নেই সাধারণ মানুষের : মীনাক্ষী মুখার্জি



উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ৬ জুলাই : রাজ্য পঞ্চায়েত নির্বাচন শনিবার। আর তাই গ্রাম দখলের লড়াইয়ে নেমে পড়ছে রাজ্যের শাসক থেকে বিরোধী দলের নেতা নেতৃত্বর। নির্বাচনী প্রচারে কোনো রকম ঘাটতি রাখতে চাইছে না বাম শিবির। তাই তো বৃষ্টিকে উপেক্ষা করে দক্ষিণ ২৪ পরগনার জয়নগর ১ নং ব্লক ও ২ নং ব্লকে দুটি বড় জনসভা হয়ে গেল বুধবার বিকালে। এদিন প্রথম সভা হয় জয়নগর ২ নং ব্লকের গড়মেওয়ানি পঞ্চায়েতের নতুনহাটের ইয়ং ফাইটার্স মাঠে ও দ্বিতীয় সভা হয় জয়নগর ১ নং ব্লকের চালতাবোড়িয়া পঞ্চায়েতের তেঁতুলতলার মোড়ে। সিপিআইএম প্রার্থীদের সমর্থনে এদিন জয়নগরে দুটি জনসভা করলেন সিপিআইএম নেত্রী মীনাক্ষী মুখার্জি। কাঁচত রাজ্য সরকারের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিতে

দিল্লির কলেজে মেরিন ইঞ্জিনিয়ারিং পড়ার স্বপ্ন সফল করতে বালির রিপ্তিশ পাশে পেলেন অভিষেককে

শ্রেয়া আদক, হাওড়া, ৬ জুলাই : দিল্লির কলেজে মেরিন ইঞ্জিনিয়ারিং পড়ার স্বপ্ন সফল করতে বালির রিপ্তিশ পাশে পেলেন অভিষেককে। দিল্লিতে মেরিন ইঞ্জিনিয়ারিং পড়ার স্বপ্ন ছিল তার। কিন্তু বাধা হয়ে দাঁড়িয়েছিল বাড়ির আর্থিক রিপ্তিস্থিতি। এই অবস্থায় বালির রিপ্তিশ পাশে পেলেন অভিষেক কে। অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জানানোর ৪৮ ঘণ্টার মধ্যেই হয়ে গিয়েছে সব সমস্যার সমাধান। এখন আর্থিক সাহায্য পেয়ে দিল্লিতে মেরিন ইঞ্জিনিয়ারিং পড়তে যাচ্ছেন বালির রিপ্তিশ। হাওড়ার বালির ছোট দুর্গাপুরের বাসিন্দা রিপ্তিশ ঘোষ শু্যু মেধাবী ছাত্রই নয়, পাশাপাশি এক উদীয়মান ফুটবলারও। তিনি মেরিন ইঞ্জিনিয়ারিং নিয়ে দিল্লির এক কলেজে পড়াশোনার সুযোগ পেয়েছেন। কিন্তু আর্থিক কারণে দিল্লিতে পড়তে যাওয়া নিয়ে



অনিশ্চয়তা তৈরি হয়। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে আর্জি জানান রিপ্তিশ। অভিষেক বন্দ্যোপাধ্যাকে চিঠি লিখেছিলেন। এর মাত্র ৪৮ ঘণ্টার মধ্যেই অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে হয়েছে সমাধান। অভিষেকের নির্দেশে বুধবার হাওড়া সদর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি কৈলাশ মিশ্র রিপ্তিশের সঙ্গে দেখা করে তাঁর হাতে দিল্লিতে পড়াশোনার জন্য নগদ ৭

উত্তরপাড়ায় মেজাজ হারিয়ে চতুর্থ শ্রেণির ছাত্রের নাক ফাটিয়ে দেওয়ার অভিযোগ শিক্ষককের বিরুদ্ধে

বনস্পতি দে, হুগলি, ৬ জুলাই : মেজাজ হারিয়ে চতুর্থ শ্রেণির ছাত্রের নাক ফাটিয়ে দেওয়ার অভিযোগ শিক্ষককের বিরুদ্ধে। ডাক্টার দিয়ে মেরে নাক ফাটানো হয়েছে বলে অভিযোগ অভিভাবকদের। দ্রুত ওই শিক্ষকের শাস্তির দাবি জানিয়েছেন আহত নাবালকের পরিবারের লোকজন। উত্তরপাড়া অমরেন্দ্র বিদ্যাপীঠের ঘটনা। আহত নাবালকের নাম সোমনাথ রায়। সে অমরেন্দ্রতে চতুর্থ শ্রেণিতে পড়ে। জানা গিয়েছে, বুধবার ক্লাস চলাকালীন কয়েকজন ছাত্র বেধের উপরে লাফালাফ করছিল। সোমনাথ ছাই বিষয়ে নালিশ করতে শিক্ষক আশিস আদকের কাছে যায়। অভিযোগ, শিশুটির কোনও কথা না শুনেই ওই ছাত্রকে ডাক্টার দিয়ে মেরে নাক ফাটিয়ে দেন আশিসবাবু। শুধু তাই নয়, ছাত্রের কলার ধরে টানতে টানতে ক্লাসের বাইরে নিয়ে যেতে থাকেন। সেই সময় সোমনাথের নাক থেকে রক্ত পড়তে দেখেন কয়েকজন শিক্ষক ও শিক্ষিকা। তারাই উদ্ধার করেন শিশুটিকে। এরপর উত্তরপাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয় ছাত্রকে। খবর দেওয়া হয় ছাত্রের পরিবারকে। পড়ুয়ার মা শেফালি রায় ইতিমধ্যেই উত্তরপাড়া থানায় অভিযোগ দায়ের করেন ওই শিক্ষকদের বিরুদ্ধে। এই ঘটনার পর বৃহস্পতিবার অভিভাবকরা জড়ো হন স্কুলে। অভিভাবকদের নিয়ে স্কুল পরিচালন সমিতি এবং প্রধান শিক্ষক মিটিং করেন। সংগ্রহ করা হয় স্বাক্ষর। স্কুল

খানাকুলে পঞ্চায়েত নির্বাচনে হতিশাল গ্রামে এবার তৃণমূলের কোনো প্রার্থী নেই

দুরন্ত বার্তা, হুগলি, ৬ জুলাই : পঞ্চায়েত নির্বাচনে এবার অভিনব ঘটনা। শাসক দল ক্ষমতায় থাকলেও প্রার্থী দিতে পারলেন না কর্মীরা। এমনই চিত্র উঠে এল হুগলির খানাকুল-১ নম্বর ব্লকের হতিশাল গ্রাম পঞ্চায়েতের মাজপুর ২৩৬-এর ২ নম্বর ব্লকে। শাসকদল তৃণমূলের কোনও প্রার্থী নেই। প্রশাসনিক ভাবে যে তালিকা প্রকাশিত হয়েছে তাতে ওই বুধে দ্বিমুখী প্রতিদ্বন্দ্বিতা লড়াই হচ্ছে। বিজেপির জয়া বাইরী সঙ্গে সিপিআইএম প্রার্থী তিলকা রায়ের। ফলে তৃণমূলের প্রার্থী না থাকায় তৃণমূল কর্মী-সমর্থকরা কাকে ভোট দেবেন তাই নিয়ে শুরু হয়েছে জল্পনা। এমনকি ওই বুধেরই ভোটার বিদগ্ধী পঞ্চায়েত প্রধান বিকাশ রায়। তাই নিজের দলের প্রার্থী না থাকায় তিনি কাকে ভোট দেবেন তা নিয়েও কৌতূহলের শেষ নেই। যদিও দলগত নির্দেশের জন্য ক্যামেরার সামনে প্রতিক্রিয়া দেননি কেউই। তবে এই নিয়ে রাজনৈতিক দলগুলির মধ্যেও তীব্র প্রতিদ্বন্দ্বিতা দেখা গেছে। বিজেপি এবং সিপিএম উভয় দলেরই দাবি, তৃণমূল এতই দুর্নীতি করেছে যে ওই বুধ থেকে কেউ তৃণমূল থেকে দাঁড়তে চাননি। তাই তৃণমূল প্রার্থী দিতে পারেনি। যদিও তৃণমূলের দাবি, মোনায়মপত্র জমা দেওয়ার সময় বিষ্ণু ক্রটির জন্য তাঁদের প্রার্থী চায়না মখির মোনোয়ন বাতিল হয়ে যায়। কিন্তু তার বিরুদ্ধে তরা আদালতে গেছিলেন। আদালত থেকে এখনও রায় ঘোষিত হয়নি। এখনও তাঁদের আশা, তাঁদের প্রার্থী শেষ মুহুর্তে লড়াইয়ের সুযোগ পাবেন।



দিয়েছিল। ফ্ল্যাটের ইএমআই থেকে সমস্ত তথ্য চাওয়া হয়েছে


সায়নীর কাছ থেকে। কিন্তু সেই প্রশ্নের উত্তরে সায়নী যা তথ্য দিয়েছেন, তাতে সন্তুষ্ট একেবারেই নয় ইডি। উল্লেখ্য, গল্ফগ্রীন এলাকায় সায়নীদের দু’টি ফ্ল্যাট রয়েছে। একটি তাঁর মায়ের নামে এবং অন্যটি নিজের নামে। ইডি সূত্রে জানা গিয়েছিল, এর মধ্যে একটি ফ্ল্যাটের দাম প্রায় ৮০ লক্ষ টাকা। ফ্ল্যাটটি কেনার জন্য সায়নী ২০ লক্ষ টাকা নগদ দিয়েছিলেন। বাকি ৬০ লক্ষ টাকা তার অন্য একটি বেসরকারি ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়া হয়েছিল। ওই ফ্ল্যাট সংক্রান্ত নথিই বুধবার ইডি চেয়ে পাঠিয়েছিল। এছাড়া, সায়নী যে গাড়িটি ব্যবহার করেন, তা-ও ছিল ইডির আতশকাচের নীচে। যদিও সায়নী দাবি করেছিলেন, গাড়িটি তারই। সায়নীর আয়ের সঙ্গে ওই সম্পত্তি ‘সদ্ব্যক্তিপূর্ণ’ কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। তাঁর আয়ের উৎস কী, কী ভাবে তিনি ঋণের টাকা মোটান, তা-ও খতিয়ে দেখছে ইডি। ইডি সূত্রের খবর, নথিপত্র সংক্রান্ত স্পষ্ট ব্যাখ্যা চাইতে সায়নীকে আবার ডেকে পাঠানো হতে পারে। তবে কবে ডাকা হবে, সে সম্পর্কে এখনই কিছু জানা যায়নি।

হাওড়ার ওলাবিবিতলায় গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু, স্বামী সহ আটক ৩

দুরন্ত বার্তা, হাওড়া, ৬ জুলাই : হাওড়ার চ্যাটার্জিহাট থানা এলাকার ওলাবিবিতলা লেনে এক গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার সকালে শ্রশুরবাড়িতে ফসি লাগানো অবস্থায় ওই গৃহবধূর মূলস্ত দেহ উদ্ধার করে পুলিশ। এই ঘটনায় মৃতার বাপের বাড়ির লোকের অভিযোগের ভিত্তিতে পুলিশ ওই গৃহবধূর স্বামী, শশুর, শাশুড়িকে আটক করেছে। জানা গেছে, গত বছর ২৮ এপ্রিল সঙ্গীতার সঙ্গে জয়দীপ চন্দ্র দে’র বিয়ে হয়েছিল। বাপের বাড়ির লোকের অভিযোগ, বিয়ের পর থেকেই তাদের মেয়ের উপর নানা কারণে মানসিক এবং শারীরিক নির্যাতন করা হতো। মেয়ে প্রতিদিনই বাপের বাড়িতে ফোন করে মায়ের সঙ্গে কথাবার্তা বলত। বৃহস্পতিবার সকালে মেয়ের আর ফোন আসেনি। এরপর শশুরর সকাল ৬টা ফোন করে বৌমার বাপের বাড়িতে জানায় সঙ্গীতা আত্মহত্যা করেছে। বাপের বাড়ির লোকেরদে অভিযোগ তাদের মেয়েকে গলা টিপে খুন করে দেহ সিলিংয়ে ঝুলিয়ে দেওয়া হয়েছে। মৃতার পরিবারের অভিযোগের ভিত্তিতে সঙ্গীতার স্বামী, শশুর এবং শাশুড়িকে পুলিশ আটক করেছে। মৃতার কাকিমা অপরূপা দাস বলেন, আমার ভাসুরঝির বিয়ের পর থেকেই তার ওপর শ্রশুরবাড়ির লোকেরা নানা ধরনের নির্যাতন করেছে। বাপের বাড়ি আসতে দিত না। হাতে টাকা পরসাদ দিত না। বিশেষ করে শাশুড়ি এবং ননদ মিলে বিভিন্নভাবে তার ওপর নির্যাতন করত। ভাসুরঝি প্রতিদিনই আমার জা এর সঙ্গে যাতে এবং সকালে কথা বলতো। বুধবার রাতেও তাদের মধ্যে কথা হয়েছিল। কিন্তু আজ সকালে জা তাকে ফোন করা সত্ত্বেও ফোন লোকে যাচ্ছিল। এরপর ভাসুরঝির শশুরর সকাল ৬ টার সময় ফোন করে জানায় সঙ্গীতা আত্মহত্যা করেছে। শশুর, শাশুড়ি, স্বামী, নন্দাই এবং ননদ এরা পাঁচজন মিলেই আমার ভাসুরঝিকে নির্যাতন করত। যেভাবে ঘটনা ঘটেছে সেটা সুইসাইড হতে পারে না। আমাদের ধারণা তাতে খুন করে দেহ ঝুলিয়ে দেওয়া হয়েছে। স্থানীয় বাসিন্দা অমিত কুমার দত্ত বলেন, রীতিমতো পরিকল্পনা করে ওই গৃহবধূকে শশুরবাড়ির লোকেরা মিলে মেরেছে। এটা পরিষ্কার হয়ে গেছে। এবং ঘটনার পর ওরা আগেই থানায় গিয়েছিল। পুলিশ এসেছিল দেহটা নিতে। তবে আমরা এলাকার মানুষ বাধা দেওয়াতে এলাকার মানুষের চাপে তিনজকে আটক করা হয়েছে। এদিকে, মৃতার কারণ জানতে চ্যাটার্জিহাট থানার পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে।

বকুলতলা থানায় এস ইউ সি আই এর বিক্ষোভ ও ডেপুটেশন কর্মসূচি পালন

দুরন্ত বার্তা, জয়নগর, ৬ জুলাই : ভোটের প্রচার কাজ শেষ হয়ে গেছে। একদিন পর শনিবার ভোট রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েতে। তবে এবারের ভোটের মনোনিয়ম পত্র জমা দেওয়া থেকে শুরু করে এখনো সারা রাজ্যে বিক্ষিপ্ত গল্গোল চলে আসছে। ইতিমধ্যে ১১ জনের মৃত্যু ঘটে গেছে। শাসক দলের সাথে বিরোধীদের গল্গোলো এবার মাত্রা ছাড়িয়ে গেছে। বহু ক্ষেত্রে বিরোধী দলের অভিযোগ পুলিশকে কাজে লাগিয়ে শাসক তৃণমূল বিরোধীদের কর্মী ও প্রার্থীদের ভয় দেখাচ্ছে। মিথ্যা কেসে ফাসীয়ে আর এই সব অভিযোগকে সামনে রেখে বৃহস্পতিবার জয়নগর ২ নং ব্লকের বকুলতলা থানায় বিক্ষোভ ও গণ ডেপুটেশন কর্মসূচি পালন করা হলো। এস ইউ সি আই কর্মীরা এই ব্যাপারে এদিন বিক্ষোভস্থল থেকে জয়নগরের প্রাক্তন বিধায়ক তরুণ কাশ্তি নস্কর বলেন, ভোটের ঠিক আগে বকুলতলা থানার পুলিশ ও তৃণমূলের গুড্ডা বাহিনী এস ইউ সি আই কর্মী ও প্রার্থীদের হুমকি দিচ্ছে। পুলিশ মিথ্যা ভাবে এস ইউ সি আই কর্মীদের গ্রেফতার করছে। এরা ভালো ভাবে ভোট করতে চায় না।কারণ এরা জানে মানুষ তার নিজের ভোট নিজে দিতে পারলে তৃণমূলের বিরুদ্ধেই দেবে। তাই সন্ত্রাস করে প্রশাসনকে কাজে লাগিয়ে ক্ষমতায় আসতে চাইছে। মিথ্যা ভাবে বাইশহাটায় আমাদের কর্মীদের উপর অত্যাচার করছে তৃণমূল পুলিশের মদত। জয়নগর, কুলতলি সর্বত্র একই অবস্থা। আর তারই বিরুদ্ধে বৃহস্পতিবার বিকেলে বকুলতলা থানায় বিক্ষোভ ও গণডেপুটেশন কর্মসূচি পালন করা হয় এবং ইউ সি আই এর পক্ষ থেকে। এদিন কয়েকশো পুরুষ ও মহিলা এই বিক্ষোভে ও গন ডেপুটেশনে মামিল হন। প্রাক্তন বিধায়ক এদিন তাদের ডেপুটেশনের কপি বকুলতলা থানার ওসি তাপস মন্ডলের কাছে তুলে দেন বলে জানানেন। আর এদিনের এই ডেপুটেশনে কোনো রকমের অশান্তি এড়াতে বহু পুলিশ কর্মী দিয়ে এলাকাকে ঘিরে রাখা হয়েছিলো।



হারিয়ে যাওয়া বাবাকে খুঁজে পেলেন তাঁর মেয়ে চুঁচুডায়

দুরন্ত বার্তা, হুগলি, ৬ জুলাই : হারিয়ে যাওয়া বাবাকে খুঁজে পেলেন তাঁর মেয়ে। ঘটনটি ঘটেছে হুগলির চুঁচুডায়া। বছর ৮-৩ ঊর্ধ্ব বৃদ্ধ মঙ্গলবার সকাল থেকে নির্খোঁজ ছিলেন। আরোগ্য-র সাহায্যে অনবশেষে বাবাকে ফিরিয়ে দেওয়া হয় তাঁর মেয়ের কাছে। স্থানীয় সূত্রে খবর, মঙ্গলবার বিকালে এক বৃদ্ধকে চুঁচুডার তালডাঙ্গা এলাকায় ঘোরাধুরি করতে দেখেন কয়েকজন যুবক। বৃদ্ধকে দেখে অসহায় মনে হওয়ায় তারা জিজ্ঞাসাবাদ শুরু করেন। অবশেষে তাঁকে নিয়ে আসা হয় চুঁচুডার আরোগ্য নামক একটি স্বেচ্ছাসেবী সংস্থায়। সেখানে আসার পর তার সেবা করেন স্বেচ্ছাসেবী সংস্থার লোকেরা। বৃদ্ধকে অনেক জিজ্ঞাসাবাদের পর জানা যায়, তিনি ক্যানিংয়ের থেথবেরিয়ার বাসিন্দা। যে বৃদ্ধ ঠিক করে হাটাচলা করতে পারেন না, তিনি কী ভাবে এত দূরে এলেন, তা নিয়ে প্রশ্ন উঠেছে। এই বিষয়ে ওই স্বেচ্ছাসেবী সংস্থার তরফে ইন্দ্রজিত দত্ত জানান, বৃদ্ধকে তাদের কাছে নিয়ে আসার পর তাঁকে সেবা-শুশ্রূষা করা হয়। তারপর সেই বৃদ্ধ জানান, তিনি ক্যানিংয়ের থেথবেরিয়ার বাসিন্দা। তার পরে ক্যানিং থানার পুলিশ আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করা হয়। মঙ্গলবার রাতে বৃদ্ধের বাড়ির লোকের সঙ্গে যোগাযোগ করেন তারা। ডিডিও কলে দেখে মেয়েকে চিনতে পারেন বৃদ্ধ। তারপরেই তাঁর মেয়েকে ডাকা হয় বাবাকে বাড়ি নিয়ে যাওয়ার জন্য। খবর পেয়ে বৃহস্পতিবার চুঁচুডায় আসে বৃদ্ধের মেয়ে মুক্তি হালদারা। তিনি বলেন, সকালে বাড়ি থেকে বেরনোর সময়ে বাবাকে তিনি চা-কুটি ও দুপুলের খাবার রান্না করে দিয়ে গিয়েছিলেন। তিনি কাজ থেকে বাড়ি ফেরেন অনেক রাত্রে। বাড়ি ফিরে বাবাকে দেখতে পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন তারা। অবশেষে স্থানীয় এক নেতা তাঁর বাড়িতে এসে জানান, তাঁর বাবাকে পাওয়া গিয়েছে হুগলির চুঁচুডায়। তার পরে ফোনে যোগাযোগ হয় অবশেষে নিজের বাবাকে ফেরত পেয়ে খুশি ওই মহিলা।

আলোই ঈশ্বরের প্রতিবিশ্ব দূরন্ত বার্তা

পাকিস্তান-চিনকে কড়া বার্তা মোদির

নয়াদিল্লির এসসিও শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চিন এবং পাকিস্তানকে কড়া বার্তা দিলেন। ভারত পাকিস্তান একই মঞ্চে থাকলে তা বাকযুদ্ধে পরিণত হচ্ছে সেটা এখনও বন্ধ হয়নি। ভারতের প্রধানমন্ত্রী মোদি পরিস্কার করে বলে দিয়েছেন পাকিস্তানের সঙ্গে কাশ্মীর নিয়ে আর কোনও কথা বলা হবে না। ভারতের অবিচ্ছেদ্য ভূখণ্ড নিয়ে বিদেশি রাষ্ট্রশক্তি পাকিস্তানের সঙ্গে কোনও কথা নয়। পাকিস্তান কাশ্মীরে সন্ত্রাসকে টিকিয়ে রাখার চেষ্টা করতে শুরু করে দিয়েছে। এই সন্ত্রাসবাদকে যারা সমর্থন করে তাদেরকে যেন এসসিও সম্মেলনেও সমালোচনা করা হয়। ঘরোয়া রাজনীতি থেকে ফায়দা লোটার চেষ্টা বহু বিদেশি রাষ্ট্রশক্তি করতে শুরু করে দিয়েছে। সেই খবর তাদের কাছে আছে। এই সব বিদেশি রাষ্ট্রশক্তি বরাবরই বিভিন্ন রাষ্ট্রের অভ্যন্তরে প্রবেশ করে সেখানে হস্তক্ষেপ করে একটা রাজনৈতিক অস্ত্রিরতা সৃষ্টি করে। খলিস্তানপন্থীদের উদ্দানি দেওয়ার পিছনে বিদেশি শক্তির হাত রয়েছে। ভারতের কৃষক আন্দোলনে বিদেশি শক্তির হাত রয়েছে। প্রজাতন্ত্র দিবসের দিন যেভাবে নয়া দিল্লিতে কৃষকেরা প্রবেশ করে ভারতের জাতীয় পতাকাকে নামিয়ে খলিস্তান পতাকা তোলা হয়েছিল সেখানেও বিদেশিশক্তির হাত ছিল। সব খবর ভারত সরকারের কাছে রয়েছে। পরিস্থিতি অনুযায়ী এ ব্যাপারে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়নি। সময় আসলে তখন কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে। মুর্খই হামলার সঙ্গে জড়িত ছিল লক্ষর জঙ্গি সাজিদ মির। তাকে আন্তর্জাতিক জঙ্গি তালিকায় আনার চেষ্টা করা হয়েছিল। সেই সময়ে রাষ্ট্রপুঞ্জে এই প্রস্তাবকে আটকে দিয়েছিল চিন। এই নিয়ে ভারত রাষ্ট্রপুঞ্জে চিনের সমালোচনা করেছিল। প্রধানমন্ত্রী মোদি পরিস্কার করে বলে দিয়েছেন যে জঙ্গিরা কেনও ভালো বা মন্দ হয় না। জঙ্গি যারা তারা জঙ্গিই। তাদের সঙ্গে আর কোনও আপোষ করা চলবে না। প্রয়োজন হলে তাদেরকে কঠোর শাস্তি দিতে হবে। কিন্তু পাক বন্ধু চিন এই সব জঙ্গিদের মদত দিতে শুরু করে দিয়েছে। সন্ত্রাসবাদ আন্তর্জাতিক এবং আঞ্চলিক রাজনীতির পক্ষে ভয়ঙ্কর। জঙ্গিদের যে করেই হোক দমন করতে হবে। সন্ত্রাসবাদকে দমন করতে সারা বিশ্বের রাষ্ট্রদের একটি হাতার তলায় আসতে হবে। সীমান্ত এলাকায় সন্ত্রাসবাদকে যারা মদত দিতে শুরু করে দিয়েছে তাদেরকে সাবধান করে দিতে হবে। সীমান্ত এলাকায় কোনও রকম সন্ত্রাসবাদী কার্যকলাপ করা একেবারে নিষিদ্ধ করতে হবে। চিনের দিকে প্রধানমন্ত্রী মোদি যখন তাদের অগ্রাসন নিয়ে বক্তব্য রাখতে শুরু করে দিয়েছিলেন তখন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং একটি কথাও বলতে পারেননি। মৌলবাদ শুধু ভারতের সমস্যা নয়। আজকে মৌলবাদ সারা বিশ্বের সমস্যা হয়ে দেখা দিতে শুরু করেছে। সন্ত্রাস এবং মৌলবাদ এখন পাশাপাশি চলতে শুরু করে দিয়েছে। আর ওই সবগুলিকে সমর্থন করতে শুরু করেছে বেশ কিছু শক্তিশালী রাষ্ট্র। তাদেরকে বলা হচ্ছে সত্যক করে দেওয়া হচ্ছে। তবুও তারা তাদের স্বার্থকে দেখার জন্য এই অপশক্তিকে সমর্থন করতে শুরু করেছে। পাকিস্তানের নাম না করে মোদি বলেছেন আফগানিস্তানের জমি ব্যবহার করে প্রতিবেশী রাষ্ট্রে সমস্যা যেন বৃদ্ধি না করে। ধর্মীয় অসহিতা দেখা দিতে শুরু করে দিয়েছে সর্বত্র।

ভারত-রাশিয়া মৈত্রী অটুট

ভারত রাশিয়া কোনও বিপদ উপস্থিত হলে এক হয়ে যায়। ভারত পাকিস্তান যুদ্ধে আমেরিকার পাকিস্তানের পক্ষে থাকলেও রাশিয়া ভারতের পক্ষে ছিল। তার ফলে বাংলাদেশকে স্বাধীন করা সম্ভব হয়। বর্তমান রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনও ভারতকে

সমর্থন করতে শুরু করে দিয়েছেন। তিনি ভারতের সিদ্ধান্তে খুশি বলা যেতে পারে। যদিও ভারত প্রায় সময়ে বলতে শুরু করে দিয়েছে এখনই ইউক্রেন যুদ্ধকে থামাতে হবে। নাহলে কিন্তু সারা বিশ্বে খাদ্য সংকট দেখা দেবে। জ্বালানির অভাব দেখা দিতে থাকবে। গোটা ইউরোপকে এতদিন ধরে জ্বালানি দিয়েছিল রাশিয়া। রাশিয়ার জ্বালানির পাইপ লাইন জার্মান পর্যন্ত বিস্তৃত। এই পাইপ লাইন দিয়ে জার্মানে জ্বালানি সরবরাহ করে তাকে রাশিয়া। আন্তর্জাতিক মঞ্চে মস্কোর বিরুদ্ধে প্রতিবাদে ভারত অংশ গ্রহণ করেনি। বিরত থেকেছে। রাশিয়া থেকে অশোধিত তেল এবং জ্বালানি ভারতে আসতে শুরু করে দিয়েছে। বন্ধুত্বকে বজায় রাখতে রাশিয়া অতি অল্পমূল্যে তেল সরবরাহ করতে শুরু করে দিয়েছে ভারতকে। ভারত সরকার বুঝতে পেরে গিয়েছে যে আমেরিকার রাগ হতে শুরু করেছে। তবে আমেরিকার সঙ্গে ভারত আবার নিবিড় সম্পর্ক তৈরি করে ফেলেছে। জো বাইডেন সরকার একদা ভারত সরকারের অন্যতম সেরা বন্ধু বলা যেতে পারে। যদিও রাশিয়ার বিরুদ্ধে ভারত কোনও রকম কথা বলতে রাজি হচ্ছে না। সম্প্রতি রাশিয়ার গোপন ব্যালটে ভোটাভুটির দাবি ভারত একেবারে খারিজ করে দিয়েছে। তবে রাষ্ট্রপুঞ্জে ইউক্রেনের চার অঞ্চলে পুতিন সরকারের গণভোটে আয়োজনে ভারত কোনও রকমভাবে বিরোধিতা করেনি। ভারত সেখানে ভোটাধানে বিরত ছিল। বিশেষ মন্ত্রকের মুখপাত্র বলেছেন, বিশ্ব ব্যবস্থার ভিত হল রাষ্ট্রপুঞ্জ। আন্তর্জাতিক আইনকে মেনে ভারত চলে। তাকে কখন লঙ্ঘন করে না। রাষ্ট্রগুলির অখণ্ডতা, সার্বভৌমত্বকে গুরুত্ব দেওয়া উচিত। ভারতের বিশেষ মন্ত্রী বলেছেন জাতীয় স্বার্থের দিকে তাকিয়ে ভারতকে সামনের দিকে এগিয়ে যেতে হবে। ভারত কোনও সময়ে চাইবে না দেশটা শ্রীলঙ্কায় পরিণত হোক।



ভগিনী নিবেদিতা ধর্মজ্ঞান

ভগিনী নিবেদিতা স্বামীজির মতোই বলতেন,মা সারাদা হচ্ছেন সর্বশক্তির অধিকারিণী। তিনি শক্তিদায়িনী। তিনি শক্তি দেন বলেই তাঁর সন্তানরা মাথা উঁচু করে চলাফেরা করতে পারে। তিনি আছেন বলেই শত্রুকে বিনাশ সম্ভব। তিনি আছেন বলেই শুভ শক্তির উদয় ঘটে। তিনি হচ্ছেন বলেই ভারত এত শক্তিশালী। মা সব সব কিছু সহ্য করতে পারেন। মা ভবতারিণীর আরতি হওয়ার পর মা সারদাকে প্রমাণ করতেন স্বামী বিবেকানন্দ। তিনি মা সারদাকে দেবী বলে মনে করতেন। সাক্ষাৎ জগত জননী বলে গ্রহণ করে নিয়েছিলেন। নারী শক্তির জাগরণ চাই। নারী জাগরণের মন্ত্র উচ্চারণ করেছিলেন ঠাকুর রামকৃষ্ণদেব। সেই জাগরণ মন্ত্রে দীক্ষিত হন স্বামী বিবেকানন্দ। নারী জাতিতে সম্মানে রাখলে একটি সমাজ সুস্থ এবং স্বাভাবিক থাকে।

যেমন নিরো-মোদি, তেমন তাঁর মুখ্যমন্ত্রী

বিশেষ প্রতিনিধি

মণিপুর নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হিরণ্ময় নীরবতায় বোধহয় সম্রাট নিরোও লজ্জা পেতেন। জাতি দাঙ্গায় একশো বিশ-পঁচিশজনের প্রাণ যাওয়ার পরেও আত্মপ্রচারে টোঁকিদার জাহির করা ভঙ্গলোকের মুখে টুঁ শব্দটি নেই। ‘সবকা সাথ’ স্লোগানের কপিরাইটধারী প্রধানমন্ত্রী বুঝিয়ে দিয়েছেন, এই সবই তাঁর কাছে কৃষি আইন, এনআরসি-সিএএ বিরোধী আন্দোলনের মতো ‘ছেটখাটো’ ব্যাপার। গুজরাত দাঙ্গায় মণিপুরের কুড়ি গুণ বেশি মানুষের হতাহতের সাক্ষী থাকার বিরল অভিজ্ঞতার কারণেই কি একশো-সোয়া একশো মৃত্যু প্রধানমন্ত্রীকে তেমন বিচলিত করে না?এমন ব্যক্তি প্রধানমন্ত্রীর চেয়ারে থাকলে জাতিদাঙ্গায় এত মানুষের মৃত্যু এবং দু’মাস পরেও হিংসা থামাতে ব্যর্থ মুখ্যমন্ত্রী যে লাজ-লজ্জা, নীতি-নৈতিকতার মাথা খেয়ে মহা-নাটক মঞ্চস্থ করার স্পর্ধা ধরবেন এটাও স্বাভাবিক। পদত্যাগের দাবি এড়ানোর এক নয়া কৌশল শনিবার ‘দু-কান কাটা’ রাজনীতিকদের জন্য হাজির করেছেন মণিপুরের মুখ্যমন্ত্রী। নিরাপত্তার কারণে যে মুখ্যমন্ত্রীকে ঘিরে রক্ষীর বেট্টনী মশা-মাছি পর্যন্ত ভেদ করতে পারে না, তাঁর কনভয়ে মহিলাদের ঘিরে ধরা, ঠিক পদত্যাগপ্রত্নীই কেড়ে নিয়ে ছিড়ে ফেলার ঘটনা যে চিত্রনাট্য মেনে সংঘটিত হয়েছে তা ঘটনা পরবর্তী বক্তবোই স্পষ্ট। পদত্যাগের সিদ্ধান্ত প্রত্যাখারের পর মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং টুইটে বলেছেন, ‘জনগণের আস্থা ছাড়া কেউ নেতা হতে পারেন না। আমার ভাল লাগছে যে আমি (সিএম হাউস থেকে) বের হওয়ার পর রাস্তায় প্রচুর ভিড ছিল। মানুষ কাঁদছিল এবং আমার প্রতি তাদের আস্থা জানাচ্ছিল। এটা আমার ধারণা ভুল প্রমাণ করেছে। কারণ জনগণ এখনও আমার পাশে আছে। তারা আমাকে পদত্যাগ করতে না বলেছে। তারা আমাকে পদত্যাগ করতে বললে জি আমি দেব, যদি তারা আমাকে না বলে, আমি করব না।’ এমন হাতে-পারম দৃষ্টান্ত থাকতে তামিলনাড়ুর রাজ্যপালই বা পিছিয়ে থাকবেন কেন! চম্ফু-লজ্জার মাথা খেয়ে তিনিও চেয়ার আঁকড়ে আছেন। মুখ্যমন্ত্রীর সুপারিশ ছাড়া রাজ্যের মন্ত্রীকে তাঁর বরখাস্ত করার নির্দেশ জারির নজিরবিহীন সিদ্ধান্তটির দায়িত্বশীল কোনও

ব্যক্তি সমর্থন করেছেন বলে জানা যায়নি। দু’একটি ব্যতিক্রম থাকলেও থাকতে পারে, কিন্তু দেশের সমস্ত সংবাদমাধ্যম তামিলনাড়ুর রাজ্যপালের সিদ্ধান্তের নিন্দায় মুখর হয়েছে। রাজ্যপাল এন রবি নিজেও ভুল বুঝতে পেরে নির্দেশটি কার্যকর না করতে ঘণ্টা পাঁচেকের ব্যবধানে মুখ্যমন্ত্রীকে চিঠি পাঠান। জবাবে তামিলনাড়ুর সরকার বলেছে, রাজ্যপালের আগের নির্দেশটি তারা অগ্রাহ্য করছে। রাজ্যপালের নির্দেশের এমন অবমাননাকর জবাব যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা, গণতান্ত্রিক পরিমণ্ডলের পক্ষে



কাম্য নয়। কিন্তু রাজ্যে রাজ্যে রাজ্যপালেরা সাংবিধানিক সীমা লঙ্ঘন করে আধা সেনার কমান্ডারের মতো আচরণ করলে এমন প্রত্যুত্তর অপ্রত্যাশিত নয়। এমন অবমাননার পরেও অবসরপ্রাপ্ত এই পুলিশ কর্তা রাজ্যপালের পদ ছাড়ার বাসনা ব্যক্ত করেছেন বলে শোনা যায়নি। তামিলনাড়ুর রাজ্যপাল প্রথম নন। তাঁকে অপমান করেছেন, এই অভিযোগ এনে এক মন্ত্রীকে বরখাস্তের বাসনা ব্যক্ত করে গত বছর কেরলের রাজ্যপাল আরিফ মহম্মদ খান মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নকে চিঠি লিখেছিলেন। ওই রাজ্যের সিপিএম সরকারও সেই আদেশে প্রত্যাখ্যান করে। কেরলের সেই রাজ্যপাল অবশ্য বহুদিন

চুপচাপ। শোনা যাচ্ছে উপরাষ্ট্রপতি হওয়ার দৌড়ে জগদীপ ধনকড়ের কাছে হেরে গিয়ে চুপসে গিয়েছেন প্রাক্তন এই কংগ্রেসি। বাংলার রাজ্যপাল হিসাবে রাজভবনকে কলুষিত করার আরও পুরস্কার হিসাবে ধনকড়কে এরপর রাষ্ট্রপতি পদের জন্যও বিবেচনা করতে পারে বিজেপি। কিন্তু বাংলার মানুষ তাঁকে মনে রাখবে পুলিশ-রাজ্যপাল হিসাবে। রাজভবনকে তিনি বিজেপির থানায় পরিণত করেছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারও তাঁকে কম অসম্মান, অপমান করেনি। বিরোধী দল

জমানার মতো আধা সেনার কমান্ডারের ভূমিকায় অবতীর্ণ হননি অতীতের কোনও রাজ্যপাল। কেন্দ্রীয় মন্ত্রীকে ঘেরাও মুক্ত করতে ধনকড়ের যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছুটে যাওয়া, তামিলনাড়ু ও কেরলের রাজ্যপালদের মন্ত্রীকে বরখাস্তের সুপারিশ, তেলেঙ্গানার রাজ্যপালের বিধানসভায় পাশ হওয়া গুচ্ছ বিল আটকে দেওয়া, পাঞ্জাবের রাজ্যপালের বাজেট অধিবেশন ডাকতে অস্বীকার করা থেকে মনে হয় বিরোধী দল শাসিত রাজ্যে রাজ্যপালদের জন্য ‘ধনকড় গোল্ড কাপ’ চালু আছে। মোদির প্রসঙ্গে ফিরাি বিজেপি দাবি করে,

তিনি গত পাঁচ-ছয় বছরে ৪৭ বার উত্তর-পূর্বের রাজ্যগুলিতে গিয়েছেন। বিজেপির প্রথমসারির নেতারাও বলতে গেলে ডেলি প্যাসেঞ্জারি করেন। উত্তর-পূর্বের রাজ্যগুলিতে ভোটের প্রচারে প্রধানমন্ত্রীকে বলেছেন ‘নর্থ ইস্ট অডি দিল্লি সে দূর নহি, দিল সে ভি নহি।’ মোদ্রা কথা উত্তর-পূর্ব আর রাজধানী দিল্লির মধ্যে ভৌগোলিক ও মনোর দুর্বৃত্ত ঘুচে গিয়েছে। মোদির নেতৃত্বে বিজেপির সাফল্য সত্যি অস্বীকার করার নয়। ২০১৬-র আগে উত্তর-পূর্বে একটি রাজ্যেও পদ্ম-শিবির ক্ষমতায় ছিল না। মোদি-শাহের জমানায় দল ভাঙানোর খেলা এবং লাগাতার প্রচারে উত্তর-পূর্বের ছ’টি রাজ্যে পায়ের

মার্কিন সফরবর। প্রধানমন্ত্রী দেশের কাজ নিয়ে এত ব্যস্ত যে শোক পালন, মণিপুরে শান্তি ফেরাতে না পারায় মন খারাপ করা, হিংসা বন্ধে অর্জি জানানোর সময় কোথায়! আর প্রধানমন্ত্রী যখন ব্যস্ততার কারণে মণিপুর নিয়ে ভাবার সময় নেই তখন মুখ্যমন্ত্রীই কোন আঙ্কেলে পদত্যাগ করতে যাবেন! তাঁরই বা রাজধর্ম পালনের কী দায় পড়েছে। গুজরাত দাঙ্গায় যে কথাটি অটল বিহারী বাজপেয়ী তাঁর অনুজ দলীয় সতীর্থকে ‘মরণ করিয়ে দিয়েছিলেন। সেই অনুজ সহকর্মীরই বা দোষ কী! গুজরাতের দাঙ্গা প্রত্যক্ষ করার পর মণিপুর কেন, হিসার আরও অনেক তয়ানক রূপ প্রচারে উত্তর-পূর্বের ছ’টি রাজ্যে পায়ের

সামাজিক যোগাযোগ মাধ্যমের যথেষ্ট ব্যবহার

বিশেষ প্রতিনিধি

পারম্পরিক যোগাযোগ, তথ্য আদান-প্রদান এবং জাতীয় ও আন্তর্জাতিক খবরাখবর জানার জন্য চিঠি, সংবাদপত্র, রেডিও ও টেলিভিশনের ওপর নির্ভরতা বহুকাল থেকে চলে আসছিল। পরিবারের একে অন্যের খোঁজখবর চিঠির মাধ্যমে আমরা জানতে পারতাম। এই মাধ্যমে আমাদের ভাবের আদান-প্রদান হতো। মনের ভাব প্রকাশের অন্যতম মাধ্যম ছিল চিঠি। দৈনিক পত্রিকা কিংবা সাপ্তাহিক ম্যাগাজিনে আমরা কবিতা, গল্প লিখতাম। অনেকে অধীর আগ্রহে অপেক্ষা করত কখন তার লেখাটি প্রকাশিত হবে। পাঠকরাও অপেক্ষা করতে পছন্দের লেখকের লেখা পড়ার জন্য। একটি চিঠি পাওয়ার জন্য আমাদের কতই না অপেক্ষা। চিঠির ভাষা, লয়, মাধুর্য আমাদের মুগ্ধ ও উদ্বেলিত করত। আমরা আকুল হয়ে অপেক্ষা করতাম কখন প্রিয়জনের চিঠি আসবে। ডাকপিয়নের কাছেও চিঠির বিষয়ে খবর নিতাম। তেমনিভাবে সকালে ঘুম থেকে উঠে রেডিও চালু করতাম দেশ ও দেশের বাইরের খবরাখবর জানার জন্য। বিকেল থেকে রাতে পর্যন্ত টেলিভিশনের সামনে থাকতাম বিভিন্ন অনুষ্ঠান দেখার জন্য। নাটক, সিনেমা, গানসহ অন্যান্য অনুষ্ঠান পরিবারের সবার সাথে একসঙ্গে বসে উপভোগ করতাম। এতে পরিবারের সদস্যদের মধ্যে পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় হতো।

সকালবেলা পত্রিকা না পড়লে যেন সারা দিন ভালো কাটত না। কালের বিবর্তনে যোগাযোগের সনাতন কোনও মাধ্যমের প্রতি আমাদের আজ মুখ ফিরিয়ে নিতে হচ্ছে। আমরা এখন আর চিঠি লিখি না বললেই চলে। রেডিও আমরা কখনই বা শুনি। সংবাদপত্র আমাদের সামনে টিকে আছে। অনলাইন পত্রিকার মাধ্যমে আমরা যখন যাবতীয় সংবাদ পাই, তখন কাগজে প্রকাশিত পত্রিকার প্রতি আমাদের আকর্ষণও আন্তে আন্তে কমে যাচ্ছে। শিক্ষার্থীরা আজ ক্লাসে যা-তা-কলম নিয়ে আসতে চায় না। মোবাইল লিখে কিংবা ক্লাস লেকচার রেকর্ড করে পড়াশোনায় অভ্যস্ত হতে যাচ্ছে। প্রযুক্তির ওপর নির্ভরতা আমাদের হাতে লেখার অভ্যাসকে একেবারেই কমিয়ে দিচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমের যথেষ্ট ব্যবহার আধুনিক যোগাযোগে মাধ্যম আমাদের তথ্যের আদান-প্রদানকে সহজ করছে-এ ব্যাপারে কোনও সন্দেহ নেই। মুহূর্তের মধ্যে আমরা যে কারো সঙ্গে তথ্য আদান-প্রদান করতে পারি। মোবাইল ফোনের মাধ্যমে যাবতীয় কাজ সম্পাদন জীবনকে করছে সহজ ও সাবলীল। আমাদের প্রজন্ম একটি ভোগবাদী প্রজন্মের দিকে ধাবিত হচ্ছে, যেখানে নিজেদের সমাজে প্রতিষ্ঠিত করার উপযোগী করে তৈরি করাই বড় বিষয়। একটি উদার ও মানবিক গুণাবলিসম্পন্ন মানুষ হয়ে আমরা নিজেদের গড়ে তুলছি না। সামাজিক যোগাযোগ মাধ্যমের একটি বড়

ও বিকৃতি আমাদের অনেক সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে। যোগাযোগের মাধ্যমগুলো যখন একটি নিয়ন্ত্রিত পরিবেশে পরিচালিত না হয়, তখন এর অপব্যবহার রূপান্তরিত হয়। রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের মতো মাধ্যমকে রাষ্ট্র এবং এর কর্তৃধাররা ইচ্ছা করলেই নিয়ন্ত্রণ করতে পারেন। কিন্তু ফেসবুক, ইউটিউব, আইপি টিভি ও অন্য মাধ্যমগুলো আমরা নিয়ন্ত্রণ করতে পারি না। মোটাদাগে বললে এখন যোগাযোগ মাধ্যম, যাকে আমরা সামাজিক যোগাযোগ মাধ্যম বলি, তা একেবারেই উন্মুক্ত। আমরা যোগাযোগের জন্য মোবাইল ফোন ব্যবহার করি। ঘণ্টার পর ঘণ্টা কথা বলে সময় পার করি। মনের ভাব প্রকাশ করার জন্য আমরা ফেসবুক ব্যবহার করি। নিজে নিজে ভিডিও তৈরি করে ইউটিউবে ছড়িয়ে দিই। যা ভালো লাগে তাই আমরা করতে পারি। আধুনিক প্রযুক্তির প্রতি আসক্তি আমাদের রবীন্দ্র, নজরুল কিংবা শরৎচন্দ্রের গল্প ও উপন্যাস পড়া থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। গান শোনা থেকে আমাদের বাদ দিয়েছে। ফলে একটি সৃজনশীল ও সৃষ্টিশীল প্রজন্ম গড়ে উঠছে না। নতুন প্রজন্ম একটি ভোগবাদী প্রজন্মের দিকে ধাবিত হচ্ছে, যেখানে নিজেদের সমাজে প্রতিষ্ঠিত করার উপযোগী করে তৈরি করাই বড় বিষয়। একটি উদার ও মানবিক গুণাবলিসম্পন্ন মানুষ হয়ে আমরা নিজেদের গড়ে তুলছি না। সামাজিক যোগাযোগ মাধ্যমের একটি বড়

বিকৃতি আমাদের অনেক সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে। যোগাযোগের মাধ্যমগুলো যখন একটি নিয়ন্ত্রিত পরিবেশে পরিচালিত না হয়, তখন এর অপব্যবহার রূপান্তরিত হয়। রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের মতো মাধ্যমকে রাষ্ট্র এবং এর কর্তৃধাররা ইচ্ছা করলেই নিয়ন্ত্রণ করতে পারেন। কিন্তু ফেসবুক, ইউটিউব, আইপি টিভি ও অন্য মাধ্যমগুলো আমরা নিয়ন্ত্রণ করতে পারি না। মোটাদাগে বললে এখন যোগাযোগ মাধ্যম, যাকে আমরা সামাজিক যোগাযোগ মাধ্যম বলি, তা একেবারেই উন্মুক্ত। আমরা যোগাযোগের জন্য মোবাইল ফোন ব্যবহার করি। ঘণ্টার পর ঘণ্টা কথা বলে সময় পার করি। মনের ভাব প্রকাশ করার জন্য আমরা ফেসবুক ব্যবহার করি। নিজে নিজে ভিডিও তৈরি করে ইউটিউবে ছড়িয়ে দিই। যা ভালো লাগে তাই আমরা করতে পারি। আধুনিক প্রযুক্তির প্রতি আসক্তি আমাদের রবীন্দ্র, নজরুল কিংবা শরৎচন্দ্রের গল্প ও উপন্যাস পড়া থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। গান শোনা থেকে আমাদের বাদ দিয়েছে। ফলে একটি সৃজনশীল ও সৃষ্টিশীল প্রজন্ম গড়ে উঠছে না। নতুন প্রজন্ম একটি ভোগবাদী প্রজন্মের দিকে ধাবিত হচ্ছে, যেখানে নিজেদের সমাজে প্রতিষ্ঠিত করার উপযোগী করে তৈরি করাই বড় বিষয়। একটি উদার ও মানবিক গুণাবলিসম্পন্ন মানুষ হয়ে আমরা নিজেদের গড়ে তুলছি না। সামাজিক যোগাযোগ মাধ্যমের একটি বড়

ভাষা নিয়ে বৈষম্য একেবারেই কাম্য নয়

বিশেষ প্রতিনিধি

বাংলা মিডিয়াম না ইংলিশ মিডিয়াম? কোন মাধ্যমে পালে সন্তানের ভবিষ্যৎ হবে উজ্জ্বল? এই নিয়ে একসময় অনেক বিতর্ক হয়েছে। সম্প্রতি লোরোটো কলেজের ভর্তির বিজ্ঞপ্তি নতুন করে উস্কে দিয়েছে এই বিতর্ক। ওই কলেজ বিজ্ঞপ্তি জারি করেছে, যে ছাত্রীরা দ্বাদশ শ্রেণিতে আঞ্চলিক ভাষায় পড়াশোনা করেছে, তারা ভর্তির উপযুক্ত বলে বিবেচিত হবে না। অর্থাৎ পশ্চিমবঙ্গে যে ছাত্রীরা বাংলা মিডিয়ামে পড়াশোনা করেছে, তাদের লোরোটোয় স্থান নেই। কলেজের অধ্যক্ষা ক্রিস্টিন কুটিনহো জানিয়েছেন, তিন বছর ধরেই এই নিয়মে তাদের কলেজে ছাত্রী ভর্তি করা হয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দেবশিস দাস বিষয়টি নিয়ে লোরোটোর অধ্যক্ষার সঙ্গে কথা বলেছিলেন। দেবশিসসাবাবু জানিয়েছেন, বিশ্ববিদ্যালয় ওই বিজ্ঞপ্তি সমর্থন করে না। ইতিমধ্যে একটি ছাত্র সংগঠন দাবি জানিয়েছে, লোরোটো কলেজকে এই নিয়ম বাতিল করতে হবে। শিক্ষাবিদরাও কেউ কেউ বলেছেন, লোরোটোর এই নিয়ম ঠিক নয়। বিতর্কের পরিস্থিতিতে লোরোটোর তরফে একটি বিবৃতি দেওয়া হয়। তাতে বলা হয়েছে, অনিচ্ছাকৃতভাবে ছাত্রীদের ভাবাবেগে আঘাত দেওয়ার জন্য আমরা দুঃখিত। কোনও মাধ্যমের

ছাত্রীদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা আমাদের উদ্দেশ্য নয়। আমাদের শিক্ষকরা লক্ষ করেছেন, ইংরেজি বাদে অন্য মাধ্যমে ছাত্রীরা ক্লাসের লেকচার বুঝতে পারেন না। তাই এই সিদ্ধান্ত। লোরোটো



কলেজের যুক্তিতে ফাঁক আছে। প্রথমত বাংলা মিডিয়ামের ভাল ছাত্রীরা ইংরেজি লেকচার বুঝতে পারে না একথা সর্বাংশে সত্যি নয়। দীর্ঘকাল ধরে বাংলা মাধ্যম স্কুলের ছাত্রছাত্রীরা কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরে ইংরেজিতে লেকচার ফলো করে

আসছে। ক্রমশ তাদের অনেকেই ইংরেজি লেখা ও বলার চোস্ত হয়ে উঠেছে। এমন উদাহরণ চারপাশে অনেক পাওয়া যাবে। আজ থেকে ৪০-৫০ বছর আগে বাংলা মিডিয়ামকেই পছন্দ করতেন বেশিরভাগ

অভিভাবক। ধরে নেওয়া হত, সেখানে পড়াশোনার মান উন্নত। কিন্তু বিশ্বায়নের পরে ছবিটা বদলেছে। এখন বেসরকারিকরণের যুগ। সরকারি ক্ষেত্রে নিয়োগ দিল দিন কমছে। সাধারণ মানুষের ধারণা, বেসরকারি অফিসে চাকরি পেতে হলে ইংলিশ মিডিয়ামের

ছাত্রছাত্রীরা বাড়তি সুবিধা পায়। তাই এখন ইংরেজি মাধ্যম স্কুলের দরজায় দীর্ঘ লাইন। কিন্তু তার মানে এই নয় যে, বাংলা মাধ্যমের ছেলেমেয়েরা ইংরেজি জানে না। অথবা ইংরেজিতে কথা বললে বুঝতে পারে না। কলেজে ভর্তির ক্ষেত্রে ছাত্রছাত্রীর মেধাই একমাত্র বিবেচ্য হওয়া উচিত। সে কোন ভাষায় পড়াশোনা করেছে, তা ভর্তির মানদণ্ড হতে পারে না। ইচ্ছা করলে কোনও কলেজ ভর্তির পরীক্ষা নিতে পারে। প্রয়োজনে দেখে নেওয়া যেতে পারে, কোনও ছাত্রী ইংরেজি লেকচার বুঝতে পারছে কিনা। কিন্তু লোরোটো কর্তৃপক্ষ তা করছে না। তারা আগেই ধরে নিচ্ছে, ইংরেজি বাদে অন্য মাধ্যমে পড়াশোনা করা ছাত্রীরা ক্লাস ফলো করতে পারবে না। এটা নিতান্তই একপেশে ভাবনা। লোরোটো সংখ্যালঘু কলেজ। সংবিধানের ৩০ (১) নম্বর ধারায় বলা হয়েছে, ভাষাগত ও ধর্মীয় সংখ্যালঘুরা নিজেদের ইচ্ছামতো শিক্ষাপ্রতিষ্ঠান গঠন করতে পারবেন। এই অধিকার থেকে কোনওভাবেই তাদের বঞ্চিত করা যাবে না। সংখ্যালঘু হিসাবে কেউ যাতে বঞ্চিত না হন, সেজন্যই সংবিধানে তাদের ওই অধিকার দেওয়া হয়েছে। কিন্তু অধিকারের সঙ্গে আসে দায়িত্ব। অধিকারের অপব্যবহার কখনই কাম্য নয়। শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব সব ছাত্রছাত্রীকে সমানভাবে দেয়া। এক্ষেত্রে কাউকে বৈষম্য করার অধিকার দেওয়া যায় না।

টলি-বলির টুকরো খবর

‘দশম অবতার’ ফেরালেন রুক্মিনী! নেপথ্যে দেব–সৃজিত ‘ব্যোমকেশ’ ছৈরথ?

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ‘দুর্গ রহস্য’ অবলম্বনে ছবি বানাচ্ছেন বিরসা দাশগুপ্ত , যেখানে প্রযোজক



ও মুখ্য চরিত্র ব্যোমকেশ রূপে দেখা যাবে সেরকে। অন্যদিকে সেই একই গল্প নিয়ে ওয়েবসিরিজ বানাচ্ছেন সৃজিত মুখোপাধ্যায়। সেই সিরিজে মুখ্য চরিত্র অর্থাৎ ব্যোমকেশ হয়েছেন অনির্বাব ভট্টাচার্য্য। এঁর খবর প্রায় সকলেরই জানা। তবে ইতিমধ্যেই শুরু হয়েছে দেব-সৃজিত দ্বৈরথ। প্রায় একই লোকেশনে ব্যাক টু ব্যাক শ্যুট করেছেন তারা। এমনকী সকালে প্রিটিজার রিলিজ করার পরেই সেদিন বিকেলেই পোস্টার রিলিজ করেন সৃজিতা। তারই প্রভাব পড়ল সৃজিতের পুজো রিলিজ দশম অবতারে? পুজোয় মুক্তি পাওয়ার কথা সৃজিতের দশম অবতারের। সৃজিতের ‘কপ ইউনিভার্স’-এ পাঁচ বছর পর ফের সৃজিত মুখোপাধ্যায়ের পরিচালনায় দেখা যাবে

এ ফের একজেট হচ্ছেন সৃজিত-জয়া। পাশাপাশি এই ছবিতে মুখ্য চরিত্রে দেখা যাবে প্রসেনজিত চট্টোপাধ্যায়, অনির্বাব ভট্টাচার্য্য, যিশু সেনগুপ্তকে। তবে জয়া আহসান নয়, এর আগে ছবিটিতে কাজ করার কথা ছিল শুভদ্রী গঙ্গোপাধ্যায়ের। তবে সম্প্রতি দ্বিতীয়বার অন্তঃসত্তা হওয়ার কারণে এই ছবি থেকে সরে দাঁড়ান অভিনেত্রী। এই ছবিতে তাঁর চরিত্রটির প্রচুর অ্যাকশন দৃশ্য রয়েছে, কিন্তু এই অবস্থায় শুভদ্রীর পক্ষে ওই ধরনের কাজ একেবারেই উচিত নয়। জানা যায় যে শুভদ্রী এই ছবি থেকে সরে দাঁড়ানোর পরেই সৃজিত মুখোপাধ্যায় এই ছবি অফার করেছিলেন রুক্মিনী মেত্রাকে। কিন্তু তিনি সেই ছবি ফিরিয়ে দেন।

কী কারণে এই ছবি ফিরিয়ে

দিয়েছেন রুক্মিনী, তা নিয়েই ইন্ডাস্ট্রির অন্দরে শোনা যাচ্ছে অনেক কথা। কারোর কারোর মতে, ব্যোমকেশ নিয়ে সৃজিত ও দেবের দ্বৈরথের কারণেই পরিচালকের ছবি করতে রাজি হননি রুক্মিনী। পাশাপাশি সৃজিতের দশম অবতারের পাশাপাশিই পুজোতে মুক্তি পাচ্ছে দেব প্রযোজিত ও অভিনীত ‘বাধা যতীন’। দুই ছবি যাতে বক্স অফিসে সমুখ সমরো না পড়ে সেই কারণেই এই ছবি থেকে রুক্মিনী সরে এসেছেন বলে মত নায়িকার ঘনিষ্ঠদের। অন্যদিকে ইতিমধ্যে জয়া আহসানকে এই ছবির চিত্রনাট্য পাঠানো হয়ে গিয়েছে। চূড়ান্ত কথাবার্তাও হয়ে গিয়েছে। এখন কেবল কাজ শুরুর অপেক্ষা। রুক্মিনী প্রসঙ্গে কিছু না বললেও শুভদ্রীর বদলে জয়ার এই ছবিতে অভিনয় প্রসঙ্গে পরিচালক সৃজিত মুখোপাধ্যায় বলেন, ছবিতে স্নেহ্রোী নামের যে প্রধান নারী চরিত্রটি রয়েছে, গল্পে তার ভূমিকা ইহাশিত কম নয়। নায়কদের মতোই ভরপুর অ্যাকশন করতে দেখা যাবে এই চরিত্রটিকে। সেই জন্যই আমরা শুভদ্রীকে বেছে নিয়েছিলাম। কিন্তু এখন ও অন্তঃসত্তা। তাই পরস্পরের সম্মতিতেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে শুভদ্রী এই ছবিতে অভিনয় করবেন না। বদলে আমি জয়ার কথা ভেবেছি।

নির্বাচনের প্রচারে বেধড়ক মার খেলেন হিরো আলম

ফের একবার নির্বাচনে দাঁড়িয়েছেন বাংলাদেশের অভিনেতা হিরো আলম । ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে নির্দল প্রার্থী হিসাবে নিজের মনোময়ন জমা দিয়েছেন আশরাফুল আলম ওরফে হিরো আলম। আপাতত নির্বাচনের প্রচারে ব্যস্ত তিনি। রাজধানীর মহাখালীর সাততলা বসতিতে নির্বাচনী প্রচারণা চালাতে গিয়ে হামলার শিকার হয়েছেন বলে অভিযোগ করেন হিরো আলম। হিরো আলমের দাবি, দফায় দফায় তার উপর হামলা হয়েছে। বৃথবার ৫ জুলাই, দুপুর ১২টায় মহাখালীর রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের গোট সেলগু সদর দিয়ে সাততলা বসতিতে নির্বাচনী প্রচারে যাচ্ছিলেন হিরো আলম। সেখানেই প্রবেশের সময় ২০-২৫ জন নারী সদস্যের একটি দল তার পথ আটকায়। বাধা এড়িয়ে বসতিতে প্রবেশের চেষ্টা করলে তার উপর ফের হামলা করা হয়। তাদের হামলার হাত থেকে বাঁচতে একপর্যায়ে আইসিডিডিআর বি কমপ্রেক্সে আশ্রয় নেন তিনি আর সেখানেই সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই হামলার কথা বলেন তিনি।

বাহানাগা বাজার ও বালাসোর এলাকার উন্নয়নে রেলমন্ত্রীর মঞ্জুর ১৫৫ লাখ টাকা

কলকাতা, ৬ জুলাই : অশ্বিনী বৈষ্ণব, রেলমন্ত্রী ২০.০৬.২০২৩ তারিখে বাহানাগা বাজার এবং বালাসোরে তার সফরের সময়, স্থানীয় লোকজন, গ্রামবাসী, এনজিওর সদস্য, ডাক্তার ইত্যাদির সাথে দেখা করেছিলেন যারা দুর্ঘটনাস্থলে প্রথম প্রতিক্রিয়াশীল ছিলেন। তিনি অনেক



যাত্রীর জীবন বাঁচাতে তাদের প্রচেষ্টার প্রশংসা করেন। স্থানীয় বাসিন্দারা মাননীয় মন্ত্রীর সাথে মতবিনিময় করেন এবং এলাকার জন্য কিছু দাবি উত্থাপন করেন। মাননীয় এমআর মার দুই সপ্তাহের মধ্যে তার প্রতিশ্রুতি পূরণ করেছেন। ফ্লাডলাইট সহ দুটি হাই মাস্টের মতো কাজগুলি ইতিমধ্যেই ইন্সটল করা হয়েছে এবং এলাকার সচিক আলোর জন্য কার্যকরী করা হয়েছে। ড্রেনেজ ব্যবস্থার উন্নতির জন্য নতুন হিউম পাইপ বসানোর কাজ পরোক্ষে চলছে। ট্রেসিং এরই মধ্যে সম্পন্ন হয়েছে, সাইটে উপকরণ পাওয়া যাচ্ছে এবং খুব শীঘ্রই কাজ শেষ হবে। জনসাধারণের জন্য লেভেল ক্রসিং গোট চালা করা হয়েছে। মাননীয় এমআর এই কাজগুলো জরত সম্পন্ন করার ওপর জোর দিয়েছেন। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, ঢাকার একটি বড় তহবিল অনুদান করেন। এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য এমপিএলএটি দ্বিমুখে স্টে ১৫৫ লক্ষ। ঢাকা বাহানাগা বাজার এবং আশেপাশের গ্রামগুলিতে RO সহ টয়লেট ও ঠাণ্ডা পানীয় জলের ব্যবস্থা সহ ৫ টি কমিউনিটি সেন্টার এবং হল নির্মাণ, বাসুলি উচ্চ বিদ্যালয়ের কাছে চিলড্রেন পার্ক ও জিম নির্মাণ, NH থেকে রাস্তা মজবুত করা সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য ১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। -১৬ থেকে লেভেল ক্রসিং নং ৯৫, সাথীর সাঁচরা গ্রামের রাস্তা মেরামত, প্রাণবদ্ধ বিদ্যাপীঠ স্কুলের খেলার মাঠের উন্নতি, ৪২ নম্বর সোলার স্ট্রীট লাইট ইন্যাদির ব্যবস্থা করা। রোগীদের জরত চিকিৎসা সহায়তার জন্য তিনি টাকা মঞ্জুর করেছেন। বালাসোর জেলা সদর হাসপাতালের জন্য অ্যাডভান্সড লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্সের জন্য ৩৫ লক্ষ টাকা। তাছাড়া বালাসোর লায়ফ চক্ৰ হাসপাতালে একটি মডুলার অপারেশন থিয়েটারের জন্য ২০ লক্ষ মঞ্জুর করা হয়েছে। বিশেষ উদ্যোগে এবং এমআর-এর সার্বক্ষণিক তত্ত্বাবধানে, উপরের প্রকল্পগুলি শীঘ্রই কার্যকর করা হবে।

পণ্য আনলোডিংয়ে বিকাশ বহাল উত্তর পূর্ব সীমান্ত রেলের

মালিগাঁও, ৬ জুলাই : অত্যাবশ্যকীয় ও অন্যান্য পণ্যসামগ্রীর সরবরাহ বহাল রাখতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে আনলোডিংয়ের ক্ষেত্রে ধারাবাহিকভাবে বৃদ্ধি পঞ্জীয়ন করে আসছে। ২০২৩-এর মে মাসে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে ১১৩১টি পণ্যবাহী রেক আনলোড করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবর্ষে ১৪৬৮০টি পণ্যবাহী রেক আনলোড করা হয়।

২০২১-২০২২ অর্থবর্ষের তুলনায় এই বৃদ্ধি ৬.৭১ শতাংশ। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে এফসিআই চাল, চিনি, লবণ, খাদ্য উপযোগী তেল, খাদ্য শস্য, সার, সিমেন্ট, কয়লা, শাকসবজি, অটোমোবাইল, পিওএল ট্যাংক, কনটেইনারের মতো পণ্যসামগ্রী ও অন্যান্য সামগ্রী সংশ্লিষ্ট মাসে পরিবহণ করেছে এবং নিজস্ব অধিক্ষেত্রের অধীনে বিভিন্ন গুডস সেন্টে যেগুলি আনলোড করেছে। ২০২৩ সময়সীমার মধ্যে অসমে পণ্যবাহী ট্রেনের ৬১৫ টি রেক আনলোড করা হয়েছে, যার মধ্যে ২৯৯টি রেক অত্যাবশ্যকীয় সামগ্রী লোড ছিল। সংশ্লিষ্ট মাসে ট্রিপায়ার ৯৮টি রেক, নাগাল্যান্ডে ১৮টি রেক, মণিপুরে ২টি রেক, অরুণাচল প্রদেশে ৭টি রেক এবং মিজোরামে ৫টি রেক আনলোড করা হয়। এছাড়াও, সংশ্লিষ্ট মাসে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের মধ্যে পশ্চিমবঙ্গে ২২১টি পণ্য রেক ও বিহারে ১৬৫ টি পণ্য রেক আনলোড হয়েছে।

অত্যাবশ্যকীয় ও অন্যান্য পণ্য সামগ্রী শুধুমাত্র সাধারণ মানুষের চাহিদা পূরণের জন্য নয়, বরং তার পাশাপাশি সমগ্র অঞ্চলের অর্থনৈতিক কার্যকলাপকে সক্রিয় রাখতেও নিয়মিত পরিবহণ করা হচ্ছে। উত্তর পূর্ব সীমান্ত রেলের গুরুত্বপূর্ণ সেকশনগুলিতে ট্রেকরপের কাজ দ্রুতগতিতে পরিচালনা করা হচ্ছে যার ফলে পণ্যবাহী ট্রাকট্রকেস অল্পমুখী ও বহিমুখী চলাচল বৃদ্ধি পেয়েছে।

পালিগাঁও, ৬ জুলাই : ১৪ জুন, ২০২৩ তারিখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ও অসম রাজ্যিক পরিবহণ নিগম (এএসটিসি)-এর মধ্যে গুয়াহাটি রেলওয়ে স্টেশনে ২য় প্রবেশপথ নির্মাণের জন্য জমি বিনিময়ের সমঝোতা চুক্তি (মউ) স্বাক্ষরিত হয়।

অসমের মাননীয় মুখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্ব শর্মা ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চেনন কুমার শ্রীবাস্তবের উপস্থিতিতে এই মউ স্বাক্ষর হয়। দ্বিতীয় প্রবেশের ডিজাইন আগামী ৪ মাসের মধ্যে প্রস্তুত করা হবে এবং গুয়াহাটি স্টেশনের পূর্নঃউন্নয়ন প্রকল্পের একটি অংশ হিসেবে এটি বিকশিত করা হবে। যাত্রীদের সহজ প্রবেশ ব্যবস্থা প্রদানের পাশাপাশি এই দ্বিতীয় প্রবেশপথটি শহরের যানজট হ্রাস করবে। গুয়াহাটি রেলওয়ে স্টেশনে প্রবেশের জন্য উত্তর দিক থেকে অথবা শহরের পান বাজারের দিক থেকে শুধুমাত্র একটিই প্রবেশপথ আছে। এই স্টেশন ও প্রবেশপথের উন্নয়নের লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে উপযুক্ত জমি প্রদানের জন্য অসম সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল, এক্ষেত্রে রাজ্য সরকার সম্মতি প্রকাশ করেছে। গুয়াহাটি রেলওয়ে স্টেশনে দ্বিতীয় প্রবেশপথ নির্মাণের জন্য পল্টন বাজারের দিকে এএসটিসি-র ৬৬৮-২.৫০ বর্গমিটার পরিমাণের জমিকে উপযুক্ত হিসেবে বিবেচনা করা হয়েছে। এর বিনিময়ে



দেওয়া হবে। সোলার প্যানেল, বর্জ্য ব্যবস্থাপনা, জল ব্যবস্থাপনা ইত্যাদির সাথে ‘বিল্ডিং’ আদলে স্টেশনটির উন্নয়ন করা হবে। যাত্রীদের পর্থাণ্ড সুযোগ-সুবিধা প্রদানের জন্য লিফ্ট, এসকেলের, আধুনিক সংকেত চিহ্ন, শৌচাগার, প্রশস্ত ওয়েটিং হল, পার্কিং সুবিধার পাশাপাশি বৈদ্যুতিক গাড়ি চালিত পয়েন্ট ও ফুডিং-লজিং ইত্যাদি ব্যবস্থার মতো আরও বহু সুবিধার সর্ববৃহৎ শহর হওয়ার পাশাপাশি গুয়াহাটিকে ভারতের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির প্রবেশবার হিসেবেও বিবেচনা করা হয়। শহরের মধ্যস্থানে অবস্থিত গুয়াহাটি রেলওয়ে স্টেশনটি এই অঞ্চলের যোগাযোগ কেন্দ্র হিসেবে পরিচোবা দিয়ে আসছে। এই নতুন সুবিধাগুলি যুক্ত হলে স্টেশনটি গুয়াহাটির জনগণের জন্য অতুতপূর্ব সার্বিক উন্নয়নের সূচনা করবে।

লাজপত নগর বোমা হামলার ৪ আসামীকে যাবজ্জীবন কারাদণ্ড সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ৬ জুলাই : ১৯৯৬ সালের লাজপত নগর বোমা বিস্ফোরণ মামলায় অভিযুক্ত মহম্মদ নওশাদ এবং জাভেদ কাহ্নাভে খানের সাজা বহাল রাখল সুপ্রিম কোর্ট। তাদের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। কোনও জামিন বা প্যারোলের সুযোগ পাবে না তারা। এই মামলার অপর দুই আসামী মির্জা নিসার হুসেন এবং মহম্মদ আলি ভাটকে আজীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। এই দুই আসামীকে প্রাথমিকভাবে মৃত্যুদণ্ড দিয়েছিল দিল্লির এক নিম্ন আদালত। পরে দিল্লি হাইকোর্ট তাদের সাজা মকুব করেছিল। এদিকে, তাদের দোষী সাব্যস্ত করা এবং সাজার দেওয়াকে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করেছিল নওশাদ এবং জাভেদ আহমেদ খানা পাশাপাশি, এই মামলায় মির্জা এবং মহম্মদ আলির সাজা মকুবের বিষয়ে দিল্লি হাইকোর্টের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করেছিল সরকার। সন্তাসবাদী হামলার ২৭ বছর পর, অবশেষে চার দোষীর ভাগ্য নির্ধারণ করল বিচারপতি বিআর গাভাই, বিচারপতি বিক্রম নাথ এবং বিচারপতি সঞ্জয় ক্যরোলের বেষা। তবে, সরকারের দাবি মেনে মির্জা এবং মহম্মদ আলির মৃত্যুদণ্ডের জেিকেআইএফ-এর সঙ্গে হাত মিলিয়েছিল পাকিস্তানের গুপ্তচর সংস্থা, ইন্টার- সার্ভি সেস ইন্টেলিজেন্স বা আইএসআই। এক মহিলা-সহ ছয় সন্দেহভাজন জঙ্গির বিরুদ্ধে মামলা দায়ের করেছিল দিল্লি পুলিশ। ২০১০ সালে দিল্লির এক স্থানীয় আদালত ওই ছয়জনের মধ্যে, মহম্মদ নওশাদ, মহম্মদ আলি ভাট এবং মির্জা নিসার হুসেন-কে মৃত্যুদণ্ড দিয়েছিল। জাভেদ আহমেদ খানকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। বাকি দুজন, ফারুক আহমেদ খান এবং ফরিদ দারকেও কম মোয়াদের কারাদণ্ড দেওয়া হয়েছিল। শুাননি চলাকালীনই তারা সেই সাজা ভোগ করায়, রায় ঘোষণার সময়ই মুক্তি পেয়েছিল তারা। ২০১২ সালে কারাদণ্ড প্রাপ্ত চার আসামীই তাদের সাজা মকুবের আবেদন করেছিল দিল্লি হাইকোর্ট। হাইকোর্টের এক ডিভিশন বেষা জানিয়েছিল, দিল্লি পুলিশের তত্ত্বাে গুরুতর ত্রুটি রয়েছে। প্রমাণের অভাব, অভিযুক্তদের সনাক্তকরণে ব্যর্থতা, সাক্ষীদের বক্তব্য নথিভুক্ত না করার মতো ত্রুটির কারণে প্রমাণের প্রকৃতি এবং সত্যতা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী মির্জা নিসার হুসেন এবং মহম্মদ আলি ভাটকে বেকসুর খালাস দিয়েছিল হাইকোর্ট। মহম্মদ নওশাদের মৃত্যুদণ্ড কমিয়ে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। জাভেদ আহমেদ খানের যাবজ্জীবন কারাদণ্ডের সাজা বহাল ছিল।

গুয়াহাটি রেলওয়ে স্টেশনে ২য় প্রবেশপথ নির্মাণের জন্য উত্তর পূর্ব সীমান্ত রেল ও এএসটিসি-এর মউ চুক্তি স্বাক্ষরিত

মালিগাঁও, ৬ জুলাই : ১৪ জুন, ২০২৩ তারিখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ও অসম রাজ্যিক পরিবহণ নিগম (এএসটিসি)-এর মধ্যে গুয়াহাটি রেলওয়ে স্টেশনে ২য় প্রবেশপথ নির্মাণের জন্য জমি বিনিময়ের সমঝোতা চুক্তি (মউ) স্বাক্ষরিত হয়। অসমের মাননীয় মুখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্ব শর্মা ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চেনন কুমার শ্রীবাস্তবের উপস্থিতিতে এই মউ স্বাক্ষর হয়। দ্বিতীয় প্রবেশের ডিজাইন আগামী ৪ মাসের মধ্যে প্রস্তুত করা হবে এবং গুয়াহাটি স্টেশনের পূর্নঃউন্নয়ন প্রকল্পের একটি অংশ হিসেবে এটি বিকশিত করা হবে। যাত্রীদের সহজ প্রবেশ ব্যবস্থা প্রদানের পাশাপাশি এই দ্বিতীয় প্রবেশপথটি শহরের যানজট হ্রাস করবে। গুয়াহাটি রেলওয়ে স্টেশনে প্রবেশের জন্য উত্তর দিক থেকে অথবা শহরের পান বাজারের দিক থেকে শুধুমাত্র একটিই প্রবেশপথ আছে। এই স্টেশন ও প্রবেশপথের উন্নয়নের লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে উপযুক্ত জমি প্রদানের জন্য অসম সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল, এক্ষেত্রে রাজ্য সরকার সম্মতি প্রকাশ করেছে। গুয়াহাটি রেলওয়ে স্টেশনে দ্বিতীয় প্রবেশপথ নির্মাণের জন্য পল্টন বাজারের দিকে এএসটিসি-র ৬৬৮-২.৫০ বর্গমিটার পরিমাণের জমিকে উপযুক্ত হিসেবে বিবেচনা করা হয়েছে। এর বিনিময়ে

দেওয়া হবে। সোলার প্যানেল, বর্জ্য ব্যবস্থাপনা, জল ব্যবস্থাপনা ইত্যাদির সাথে ‘বিল্ডিং’ আদলে স্টেশনটির উন্নয়ন করা হবে। যাত্রীদের পর্থাণ্ড সুযোগ-সুবিধা প্রদানের জন্য লিফ্ট, এসকেলের, আধুনিক সংকেত চিহ্ন, শৌচাগার, প্রশস্ত ওয়েটিং হল, পার্কিং সুবিধার পাশাপাশি বৈদ্যুতিক গাড়ি চালিত পয়েন্ট ও ফুডিং-লজিং ইত্যাদি ব্যবস্থার মতো আরও বহু সুবিধার সর্ববৃহৎ শহর হওয়ার পাশাপাশি গুয়াহাটিকে ভারতের উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির প্রবেশবার হিসেবেও বিবেচনা করা হয়। শহরের মধ্যস্থানে অবস্থিত গুয়াহাটি রেলওয়ে স্টেশনটি এই অঞ্চলের যোগাযোগ কেন্দ্র হিসেবে পরিচোবা দিয়ে আসছে। এই নতুন সুবিধাগুলি যুক্ত হলে স্টেশনটি গুয়াহাটির জনগণের জন্য অতুতপূর্ব সার্বিক উন্নয়নের সূচনা করবে।

প্রযোজক সঞ্জয় সাহা : নওয়াজউদ্দিন সিদ্দিকী অভিনীত

হাড্ডি সিনেমায় আসল ট্রান্সজেন্ডারদের দেখা যাবে

নওয়াজউদ্দিন সিদ্দিকীকে তার আসন্ন ছবি হাড্ডি তে একজন ট্রান্সজেন্ডার হিসেবে দেখা যাবে। তার প্রথম লুক পুরো দেশকে চমকে দিয়েছে। নওয়াজউদ্দিন চ্যালেঞ্জিং চরিত্রে অভিনয়ের জন্য পরিচিত। হাড্ডি একটি সিনেমা যার লক্ষ্য সমকামী সম্প্রদায়ের সমস্যাগুলির উপর আলোকপাত করা। সিনেমার বাস্তবতা বজায় রাখতে, নির্মাতারা ৩০০ ট্রান্সজেন্ডারকে এই সিনেমার অংশ করেছেন। প্রথম প্রযোজক জুটি সঞ্জয় সাহা এবং রাধিকা নন্দা এই যুগান্তকারী চলচ্চিত্রটি পরিচালনা করছেন। তিনি চলচ্চিত্রটির জন্য ৩০০ ট্রান্সজেন্ডার খুঁজে পাওয়ার প্রক্রিয়াটিকে একটি ‘আ্যডভেঞ্চার’ হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেন, প্রক্রিয়াটি খুবই দুঃসাহসিক এবং কঠিন ছিল। তাদের বোঝানো কঠিন ছিল না কারণ আমরাও তাদের জীবনের অভিজ্ঞতা থেকে শিক্ষিলাম এবং তাদের এই সিনেমার একটি অংশ করছিলাম। আমরা তাদের কাছ থেকে অনেক কিছু শিখেছি, তাদের জীবন এবং জগৎ আমাদের থেকে এত আলাদা যা এটিতে জড়িত। রেগুকা নামে একজন ট্রান্সজেন্ডার মহিলা ছিলেন যিনি চলচ্চিত্রের জন্য গবেষণার সময় চলচ্চিত্র নির্মাতাদের সাহায্য করেছিলেন। সঞ্জয় ব্যাখ্যা করেন, ‘উনি আমাদেরকে তাদের সম্প্রদায় এবং তাদের লালন-পালন, সেইসাথে ছোটবেলা থেকে ওনারা তাদের নৈশদিন জীবনে যে চ্যালেঞ্জের সম্মুখীন হয় সে সম্পর্কে জানতে সাহায্য করেছে। উনি আমাদের সম্প্রদায়ের অনেক লোকের সাথে পরিচয় করিয়ে দিয়েছিল যা আমাদের স্ক্রিপ্ট লিখতে এবং তাদের জীবনকে আরও ভালভাবে বুঝতে সাহায্য করেছে। তিনি সম্প্রদায় থেকে অনেক সাহায্য করেছে।

“গদর ২” ছবিতে “ম্যায় নিকলা”র নতুন সংস্করণ, কণ্ঠ মেলালেন অরিজিত

বেশ অনেকদিন ধরেই বলিউডের দেওয়ালে কান পাতলেই শোনা যাচ্ছিল ‘গদর ২” আসার কথা । আগস্ট মাসেই মুক্তি পেতে চলছে সানি দেওল ও আমিশা পটেল অভিনীত ‘গদর ২’। অসতে চলছে ‘গদর ২” ছবিতে “ম্যায় নিকলা”র নতুন সংস্করণ । শোনা যাচ্ছে এই গানের নতুন সংস্করণে উদিত নারায়ণের সঙ্গেই কণ্ঠ দিয়েছেন অরিজিত সিং । ‘গদর ২’ ছবিতে ফের ব্যবহার করা হবে ২০০১ সালের ‘গদর’ ছবির জনপ্রিয় গান ‘ম্যায় নিকলা গডি লেগে’। শোনা যাচ্ছে এই গানের নতুন সংস্করণে উদিত নারায়ণের সঙ্গেই কণ্ঠ দান করেছেন অরিজি সিং । উদিত নারায়ণই আসল গানটি গেয়েছিলেন। এছাড়াও সুত্রের খবর, ‘গদর ২’ ছবির অরিজিন্যাল গান ‘দিল মুম’ গেয়েছেন অরিজিত সিং। এই ছবির ঘনিষ্ঠ সূত্র মারফত খবর, ‘ম্যায় ম্যায় নিকলা’ গানটি বেশ দ্রুত লয়ের ছিল যা সেই সময়ের হিট গান। এমনকী ২২ বছর পর আজও এই গান একইভাবে জনপ্রিয় এবং প্রায়ই বিভিন্ন পাটি বা বিয়ের আসরে বাজতে শোনা যায়। যখন ওঁরা গানটি পুনরায় তৈরির কথা বলেন, তখন এমনটাই ভাবা হয় যে পুরানো গানটিকে একদমই নষ্ট না করে তাতে কিছু সতেজতা যোগ করা। ছবির নির্মাতারা এবং সঙ্গীত পরিচালক মিঠুন, সকলেই সিদ্ধান্ত নেন যে গানে একটা নতুন কন্ঠ যোগ করা যেতে পারে এবং প্রত্যেকেই ঠিক করেন যে অরিজিত সিং এই কাজের জন্য পারফেক্ট হবেন।’

নিজেকে গুলি করে আত্মহত্যা বিএসএফ জওয়ানের

জম্মু, ৬ জুলাই : সাঝা জেলায় আত্মজাতিক সীমান্তের কাছে গুলি করে আত্মহত্যা করেছেন সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) জওয়ান। এই ঘটনায় ওই জওয়ানের মৃত্যু হয়। বৃস্পতিবার ঘটনাটি ঘটেছে চিলিয়াডির সীমান্ত চৌকিতে (উত্তর-পূর্বাঞ্চলের এই সীমান্তে) । এক জন সিনিয়র পুলিশ আধিকারীক জানিয়েছেন, জওয়ানের নাম মরেশ কুমার । মৃতদেহেই মর্যনাতদন্তের জন্য পাঠানো হয়েছে। তিনি বলেন, কী পরিস্থিতিতে জওয়ান এমন কঠোর পদক্ষেপ নিয়েছেন তা খতিয়ে দেখা হচ্ছে।

নগাঁওয়ের কসুয়ায় দুই মহিলা সহ তিন দেহ ব্যবসায়ী গ্রেফতার

নগাঁও, ৬ জুলাই : নগাঁও জেলার কচুয়া থানার অন্তর্গত শিমলুগুড়ি বাজারে একটি ঘর থেকে দুই মহিলা সহ তিন দেহ ব্যবসায়ীকে পাক ডাঙ ও করে পুলিশের হাতে তুলে দিয়েছেন স্থানীয় জনতা। আজ বৃহস্পতিবার নগাঁওয়ে জেলা পুলিশ সদর দফতর সূত্রে জানা গেছে, গতকাল রাত প্রায় সাড়ে দশটা নাগাদ শিমলুগুড়ি বাজারে একটি ঘরে এলাকায় স্থানীয় বহু মানুষ হানা দিয়ে মহিলা সহ ওই তিন নারীদেহ ব্যবসায়ীকে ধরেন। পরে কচুয়া থানায় খবর দেন তারা। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ছুটে গেলে তাদের হাতে ওই তিনজনকে তুলে দেওয়া হয়। ধৃতদের ডুমডুমিয়ার মতাজ বেগম, রুকিয়া খাতুন এবং নাজিরুল ইসলাম বলে শনাক্ত করা হয়েছে।সঙ্গে নাজিরুল ইসলামের এএস ০২ ওয়াই ৮৬৮১ নম্বরের একটি পালসার বাইক বাজোয়াও করেছে পুলিশ। পুলিশের সূত্রটি জানিয়েছে, শিমলুগুড়ি বাজারের জৈনক রুকিয়া খাতুন নামের বিবাহিত মহিলা বহু দিন থেকে তার বাসায় নারীদেহের ব্যবসা চালিয়েছিল বলে অভিযোগ ছিল। দূর-দূরান্তের বহু যুবতী-মহিলাকে তার বাসায় আশ্রয় দেওয়ার নামে চালিয়েছিলেন এই ধরনের দুষ্কর্ম। তার এ কাজে সহযোগিতা করছিলেন তার স্বামী নাজিরুল।

হারানো ব্যাগ মেট্রো কম্পিউটারে ফিরে এসেছে

কলকাতা, ৬ জুলাই : ০৫.০৭.২০২৩ তারিখে প্রায় ১৬.২৫ টায়, কবি সুভাষ মেট্রো স্টেশনে নিযুক্ত একজন অন-ডিউটি RPF কর্মীরা নিয়মিত টহল চালানোর সময় একটি ডিএন মেট্রো ট্রেনের ভিতরে পড়ে থাকা একটি দাবিহীন ব্যাগ উদ্ধার করে এবং এই স্টেশনের স্টেশন সুপারিনটেনডেন্টের অফিসে জমা দেয়। পরে ব্যাগ খুলে তাতে কিছু মূল্যবান জিনিসপত্র পাওয়া যায়। প্রায় ১৭.০০ তার কিছু পরে, একজন যাত্রী কবি সুভাষ মেট্রো স্টেশনের স্টেশন মাস্টারের অফিসে আসেন এবং উদ্ধারকৃত ব্যাগ এবং এতে থাকা জিনিসগুলির মালিকানা দাবি করেন। যথায় যাচাই-বাছাই এবং সমস্ত আনুষ্ঠানিকতা পূরণ করার পরে, অন্যান্য সমস্ত জিনিস সহ ব্যাগটি তাঁর কাছে হস্তান্তর করা হয়েছিল। তিনি মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন যে তাকে অন্যান্য সমস্ত জিনিসের সাথে হারিয়ে যাওয়া ব্যাগটি ফিরে পেতে সহায়তা করার জন্য।

বাজারের বর্ধিত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য হ্রাস করার দাবিতে ডেপুটেশন

আগরতলা, ৬ জুলাই : বাজারের বর্ধিত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য হ্রাস করার দাবিতে বৃহস্পতিবার সার মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করেন প্রদেশ যুব কংগ্রেসের প্রতিনিধি দল। তাদের দাবি, অতিসস্তুর বাজারের বর্ধিত নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য হ্রাস করা হোক। সংগঠনের জৈনক নেতার অভিযোগ, বেশ কিছুদিন যাব রাজ্যের বিভিন্ন বাজারে নিত্য প্রয়োজনীয় শাক- সবজির মূল্য অনেকটাই বেড়ে গিয়েছে। ফলে সাধারণ মানুষের শাক সবজির ক্রয়ক্ষমতা নাগালের বাইরে চলে গিয়েছে। তাদের আরও অভিযোগ, বিভিন্ন বাজারের কিছু কিছু অসাধু ব্যবসায়ী বাঁকা পথে মুনাফা লাভের জন্য নিত্য প্রয়োজনীয় শাক-সবজি মূল্য বেআইনী ভাবে বাড়িয়ে দিয়েছে। তাতে সাধারণ মানুষের নান্দিশ্রাস উঠেছে। তারই প্রতিবাদে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে বৃহস্পতিবার সদর মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করেন প্রদেশ যুব কংগ্রেসের প্রতিনিধি দল। তাদের দাবি, অতিসস্তুর বাজারগুলোতে নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য হ্রাস করা হোক।

মণিপুরে এখনও ফেরেনি শান্তি! স্কুলের বাইরে গুলিবিদ্ধ হয়ে মৃত্যু মহিলার

ইক্ষল, ৬ জুলাই : সবে স্কুল খুলেছে, কিন্তু সদ্য-শান্ত মণিপুরেই ফের রক্তপাত! একটি স্কুলের বাইরেই নিহত হলেন এক মহিলা। মণিপুরে ইক্ষলের পশ্চিমে এই ঘটনা ঘটেছে। ঘটেছে শিশু নিষ্ঠা নৈকতৈ স্কুলের বাইরে। গত দুমাস ধরে মণিপুর অশান্ত, আশুভন জ্বলছে সেখানে। এরই মধ্যে পরিস্থিতি একটু নিমন্ত্রণে আসায় বৃথবার খুলেছিল স্কুল। কিন্তু ফের বৃহস্পতিবার এমন মর্মান্তিক ঘটনা সেখানে আতঙ্ক বহুগুণ বাড়িয়ে দিল। যিনি গুলি চালিয়েছেন এবং যাকে গুলি করা হয়েছে-- উভয়েরই কোনও পরিচয় মেলেনি। গত সেমবার স্কুল খোলার কথা ঘোষণা করেছিলেন মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং। সেইমতো বৃথবারই প্রথম থেকে অষ্টম শ্রেণির পড়ুয়াদের জন্য খোলা হয় স্কুল। অশান্ত রাজ্যের প্রথমদিনটিতে স্কুলে পড়ুয়াদের উপস্থিতির হার ছিল বেশ কম। যদিও স্কুল খোলার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছিলেন অভিভাবকরা। কিন্তু দেখা গেল, মণিপুর আছে মণিপুরেতেই। স্কুল খোলার দ্বিতীয় দিনেই সেখানে আবার চলল গুলি। বিজেপিসানে মণিপুরের অশান্তি নিয়ে তত্ত্ব জাতীয় রাজনীতি। মণিপুরে রাষ্ট্রপতি শাসনের দাবি তুলেছে বেশ কয়েকটি বিরোধীদল। মণিপুর-

Name Change I, SAURAV CHAKRABORTY (old name) S/O BHASKAR CHAKRABORTY residing at 93/1/GHA, Haridevpur, Nonamhat, Kolkata-700084 WB India have changed my name to (shall henceforth be known as) SOURAV CHAKRABORTY, before Notary public at Kolkata on 06/07/2023. SAURAV CHAKRABORTY and SOURAV CHAKRABORTY both are same and one identical person.	Name Change I, NURUL ISLAM (old name) S/O Late Asraf Ali Mondal Presently residing at Gopalnagar, Mathihara, Bongaon, North 24 Parganas-743262, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) NURUL ISLAM MONDAL, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. NURUL ISLAM and NURUL ISLAM MONDAL both are same and one identical person.
Name Change I, MAHIDUL ISLAM ALIAS MOHIDUL ISLAM (old name) S/O SHASER ALI MONDAL Presently residing at Bowral, Deganga, PS-Deganga, North 24 Pgs-743423 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MD MAHIDUL ISLAM, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. MAHIDUL ISLAM ALIAS MOHIDUL ISLAM and MD MAHIDUL ISLAM both are same and one identical person.	Name Change I, ASHIS MUKHERJEE (old name) S/O LATE JUGAL KISHORE MUKHERJEE Presently residing at 16, Santosh Roy Road, PO- Barisha, PS-Thakurpukur, Kolkata-700008 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ASHIS KUMAR MUKHERJEE, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. ASHIS MUKHERJEE and ASHIS KUMAR MUKHERJEE both are same and one identical person.
Name Change I, ALAM SK (old name) S/O KANGALI BISWAS Presently residing at – GRAMKALNA UTTAR PARA, DHATRIGRAM, BARDHAMAN -713405 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ALAM BISWAS, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. ALAM SK and ALAM BISWAS both are same and one identical person.	Name Change I, SHAIKH SORABUDDIN (old name) S/O SHEKH BAINUDDIN Presently residing at Vill-Mukundapur, PO-Sagareswar, PS-Ramnagar, Dist- East Medinipur, Pin- 721446 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SHEKH SORABUDDIN, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. SHAIKH SORABUDDIN and SHEKH SORABUDDIN both are same and one identical person.
Name Change I, TAHA YUSUF DEGANI (old name) S/O LATE YUSUF BHAGI DEGANI Presently residing at 39/J/A/ I.C. Road, Rahara Khardah, North 24 Pgs-700118 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TAHA DEGANI, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. TAHA YUSUF DEGANI and TAHA DEGANI both are same and one identical person.	Name Change I, AMIR SK (old name) S/O ALAM BISWAS Presently residing at GRAMKALNA UTTAR PARA, DHATRIGRAM, BARDHAMAN -713405 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AMIR BISWAS, vide an affidavit sworn before Notary public at Kolkata on 06/07/2023. AMIR SK and AMIR BISWAS both are same and one identical person.

ময়দানে আমরাও...



কলকাতা ফুটবল লিগের ৪র্থ ডিভিশনের ক্লাব সিঁথি রাসবিহারী আদর্শব্যায়াম মন্দির-এর অফিশিয়াল জার্সি উদ্বোধন হল আজ বৃহস্পতিবার তালতলা মাঠে। ‘দুরন্ত বার্তা’ টাইটেল স্পনসর। উদ্বোধন অনুষ্ঠানে ছিলেন পত্রিকার সম্পাদক। হবি-সৌরভ দত্ত

পুরনো রোগে কোহলির, রোহিতের অর্ধশতরান, ওপেনিংয়ে যশস্বী!

বার্বাডোজ, ৬ জুলাইঃ ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ১২ জুলাই থেকে ২ ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারত। মাসখানেকের বিশ্রাম সেরে তার আগে মাঠে নেমে পড়ল ভারতীয় দল। বার্বাডোজে শুরু হয়েছে ভারতীয় দলের ২ দিনের প্র্যাকটিস ম্যাচ। দলকে দুটি ভাগে ভাগ করে নিজেদের মধ্যে প্র্যাকটিস ম্যাচ খেলা হচ্ছে। দুই দলেই যাতে ১১ জন করে ক্রিকেটার থাকেন সেই কারণে ৮ জন প্রথম শ্রেণির ক্রিকেটারকে

এই প্রস্তুতি ম্যাচের জন্য নেওয়া হয়েছে। প্রস্তুতি ম্যাচে আরও একবার বাঁ হাতি পেসারদের বিরুদ্ধে বিরাট কোহলির দুর্বলতা ধরা পড়ল। প্রস্তুতি ম্যাচে দ্রুত আউট হয়ে ফিরলেন। তবে ছন্দে দেখা গিয়েছে রোহিত শর্মাকে। আরও একটি চমক দেখা গিয়েছে প্রস্তুতি ম্যাচে। শুভমন গিল দলে থাকা সত্ত্বেও ওপেনিংয়ে রোহিত শর্মার সঙ্গে নেমেছিলেন যশস্বী জয়সওয়াল। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট ম্যাচ শুরু হতে বেশি দিন নেই। বার্বাডোজে আজ

ভারতের টপ ব্যাটার রোহিত শর্মা, বিরাট কোহলি, যশস্বী জয়সওয়াল, শুভমন গিল এবং অজিঙ্ক রাহানাকে একটি টিমে রাখা হয়েছে। অন্য টিমে রয়েছেন জয়দেব উনাদকট, মহম্মদ সিরাজ, রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাডেজার মতো প্রথম সারির বোলাররা। ব্যাটররা জুটি বেঁধে ব্যাট করতে নেমেছিলেন। কোহলির সঙ্গে দেখা গিয়েছে শুভমন গিলকে। এদিন কোহলিকে আউট করেন জয়দেব উনাদকট। তবে শুরুটা ভালো

টি-টোয়েন্টিতে ডাক পেলেন না রিঙ্কু সিং

প্রশ্নের মুখে নতুন মুখ্য নির্বাচকের পদক্ষেপ

মুম্বই, ৬ জুলাইঃ আইপিএল হল জাতীয় দলে পা রাখার একটি মঞ্চ। আইপিএলের পারফরম্যান্সের উপর ভিত্তি করে মেন ইন ব্লু-র জার্সি গায়ে চড়িয়েছেন, এমন উদাহরণ অনেক। রিঙ্কু সিংয়ের ক্ষেত্রেও তেমনটা ভাবা হয়েছিল। ভারতীয় দলে ডাক পাওয়া শুধু সময়ের অপেক্ষা। আইপিএলে দুর্দান্ত পারফরম্যান্সের পর রিঙ্কুকে নিয়ে বহুবার এমন মন্তব্য করেছেন ক্রিকেট বিশেষজ্ঞরা। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টি-২০ সিরিজে অবশ্য রিঙ্কুর জায়গা হল না। ২০২৩ আইপিএলে রিঙ্কুর পারফরম্যান্সের প্রশংসা করেননি এমন মানুষ খুঁজে পাওয়া ভা। কিন্তু অজিত আগরকরের নেতৃত্বাধীন জাতীয় নির্বাচন কমিটি রিঙ্কুকে ব্রাত্য করেই রাখলেন। আইপিএলের ব্যাটরদের জাতীয় দলে ডাক পাওয়ার অপেক্ষার বাড়ল। একইসঙ্গে সদ্য মুখ্য নির্বাচক পদে বসা অজিত



আগরকরের সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন উঠছে। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট ও ওডিআই দল নির্বাচনে ছিল চমক। টেস্টে চেতেশ্বর পূজারার বাদ পড়া, যশস্বী জয়সওয়াল, ঋতুরাজ গায়কোয়াড়, মুকেশ কুমারদের

অন্তর্ভুক্তি দেখা গিয়েছে। বুধবার, টি-২০ সিরিজের দল ঘোষণা করে বিসিপিআই। আইপিএলের পারফরম্যান্সের জন্য টি-২০ স্কোয়াডে জায়গা পেয়েছেন যশস্বী, ডাক পেয়েছেন মুম্বই ইন্ডিয়ান্সের

তিলক ভার্মা। তিন ফরম্যাটেই ডাক পেয়েছেন মুকেশ কুমার। দলে সিনিয়রদের বেশিরভাগই অনুপস্থিত। তরুণদের নিয়ে গড়া টি-২০ দলের নেতৃত্বে হার্ডিক পাণ্ডিয়া। অথচ এক ওভারে পাঁচ ছক্কার নায়ক, আইপিএলের অন্যতম দেরা ফিনিশার রিঙ্কু সিং উপেক্ষিত থেকে গেলেন। এমন স্বপ্নের পারফরম্যান্সের পর রিঙ্কুর কথা কেন ভাবলেন না নির্বাচকরা? উঠছে প্রশ্ন। ৬ আগস্ট থেকে শুরু হচ্ছে পাঁচ ম্যাচের টি-২০ সিরিজ। নাইট রাইডার্সের বাঁ হাতি ব্যাটার সুযোগ পেলেন না কারণ সূর্যকুমার যাদব, হার্ডিক পাণ্ডিয়া এবং দলু স্যামসনরা রয়েছে মিডল অর্ডারে। সোশ্যাল মিডিয়ায় রিঙ্কুর সমর্থনে এগিয়ে এসেছেন নেটিভেনরা। ২০১৩ সালের আইপিএলে ১৪টি ম্যাচে ৫৯.২৫ গড়ে ৪৭৪ রান করেছেন রিঙ্কু। বর্তমানে দলীল ট্রফিতে সেন্ট্রাল জেনের হয়ে খেলছেন।

কানাডা ওপেনের ছুটছেন ভারতীয় শাটলাররা, প্রি কোয়ার্টারে সিঙ্কু-লক্ষ্য



ক্যালগারি, ৬ জুলাইঃ কানাডা ওপেনে দারুণ সূচনা ভারতীয় শাটলারদের। ক্যালগারিতে অনুষ্ঠিত এই বিভিট্রিউএফ ওয়ার্ল্ড ট্যুর ৫০০ সুপারসিরিজ ইভেন্টে ছুটছে পিডি সিঙ্কু, লক্ষ্য সেনদের বিজয়রা। দু’জনই নিজ নিজ বিভাগের প্রি কোয়ার্টার ফাইনালে পা রেখেছেন। পিডি সিঙ্কু ভারতীয় ব্যাডমিন্টনের সুপারস্টার, আর লক্ষ্য সেনকে ভারতীয় ব্যাডমিন্টনের ভবিষ্যৎ হিসেবে ধরা হচ্ছে। দু’জনই কানাডা ওপেনে পদকের স্বপ্ন দেখাচ্ছেন। গতকাল ছিল সিঙ্কুর ২৮তম জন্মদিন। বিশেষ দিনটা ব্যাডমিন্টন কোর্টে জয়ের আনন্দে কাটা। কানাডা ওপেনে মেয়েদের সিঙ্গেলস চতুর্থ রাউন্ডই সিঙ্কু। বুধবার রাতে তাঁর প্রতিপক্ষ ছিলেন স্থানীয় শাটলার তালিয়া এনজি। তাঁর বিরুদ্ধে জয় পেতে মোটেও বেগ পেতে হল না সিঙ্কুর। প্রতিপক্ষকে ২১-১৬, ২১-৯ গেমে উড়িয়ে দেন ভারতীয় শাটলার। পরের রাউন্ডে সিঙ্কুর প্রতিপক্ষ জাপানের নাটসুকি নিদারিয়া। এদিকে ছেলেদের সিঙ্গেলসে লক্ষ্য

‘মেসি কোনো চার মাথার দৈত্য না’

মেক্সিকো, ৬ জুলাইঃ মেসির সম্ভাব্য অভিষেক ম্যাচ ঘিরে ভক্তদের কত উদ্দামনা! মেসি মায়ামিতে যোগ দেওয়ার ঘোষণার পর দলটির হয়ে এই সম্ভাব্য অভিষেক ম্যাচের টিকিটের দামে আগুন লাগে! যে টিকিটের দাম ছিল ২৯ ডলার, সেটাই বেড়ে দাঁড়ায় ৩২.৯ ডলারে। তবে যাদের বিপক্ষে মেজর লিগ সকারে মেসির অভিষেক হবে, সেই মেক্সিকান দল ক্রুজ আজুলের কোচ রিকার্দো ফেরান্তির মেসিকে ঘিরে খুব একটা আগ্রহ আছে বলে মনে হলো না। ইন্টার মায়ামিতে মেসির অভিষেক হতে পারে ২১ জুলাই। ডিভিডার পিএনকে সেটিভিআমে লিগ কাপে ক্রুজ আজুলের বিপক্ষে সেই ম্যাচ দিয়েও কেরিয়ারের নতুন অধ্যায়ে পা দেবেন এই আর্জেন্টাইন তারকা। সাবাবরের ব্যালন ডি’অরজরী মেসি আর্জেন্টিনা কিংবা যে ক্লাবের হয়েও খেলুন না কেন, তাঁকে নিয়ে প্রতিপক্ষ কোচের আলাদা পরিকল্পনা থাকে। আর মায়ামির হয়ে ক্রুজ আজুলের বিপক্ষে সেই ম্যাচ তো মেসির অন্য নতুন অধ্যায়ের অভিষেক ম্যাচ, এ অধ্যায় দারুণভাবে শুরু করার জন্য স্বাভাবিকভাবেই মেসির আগ্রহ খানিকটা বেশিই থাকবে। তবে রিকার্দো ফেরান্তির ভাবনায় মেসি নয়, তাঁর দলের আগামী ম্যাচ। ২১ জুলাই মেসির মায়ামির বিপক্ষে মাঠে নামার আগে ক্রুজ আজুল খেলবে আরও দুটি ম্যাচ। ৮ জুলাই তলুকার বিপক্ষে মাঠে নামার পর ১৪ জুলাই তারা খেলবে ব্রিস্টিয়ানার বিপক্ষে। ক্রুজ আজুলের কোচ রিকার্দো ফেরান্তির পুরো মনোযোগ এখনোই, “আমি তলুকার বিপক্ষে খেলব আর আপনি আমাকে মেসিকে নিয়ে ভাবতে বলছেন? আমাকে শান্তিতে ঘুমাতে দিন। আমি এখন শনিবারের ম্যাচের জন্য আমি পুরো দলকে চাই। যখন মায়ামির বিপক্ষে খেলব, তখন ভাবব কি করা যায়। আর মেসি কোনো চার মাথার দৈত্য না। সে দারুণ একজন ফুটবলার, অন্যান্যও ভালো।”

বিশ্বকাপের আগে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় তামিম ইকবালের!

মুম্বই, ৬ জুলাইঃ বিশ্বকাপের আগে অঁথে জলে পড়ল বাংলাদেশ ক্রিকেট। আগামী অক্টোবর-নভেম্বর মাসে ভারতের মাটিতে ওডিআই বিশ্বকাপ। তার ঠিক মাস তিনেক আগে আন্তর্জাতিক ক্রিকেট থেকে হঠাৎ অবসর ঘোষণা করলেন বাংলাদেশের ওডিআই ক্যাপ্টেন তামিম ইকবাল। টি-২০ ফরম্যাটকে আগেই বিদায় জানিয়েছিলেন। এ বার ওডিআই এবং টেস্ট ফরম্যাটকেও বিদায় জানালেন। যদিও ওডিআই বিশ্বকাপের আগে তামিমের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছিল বারবার। একেবারে ফর্মে ছিলেন না। উপরন্তু ভোগাছিল চোট। মাশরাফি বিন মর্তজার অবসরের পর ২০২০ সালে ওডিআই ক্যাপ্টেনির দায়িত্ব দেওয়া হয় তামিমকে। ক্যাপ্টেন হিসেবে বিশ্বকাপ খেলার আগেই ২২ গজকে বিদায় জানালেন। বাংলাদেশের ক্রিকেট ইতিহাসের অন্যতম সেরা ব্যাটার বলে গণ্য করা হয় তামিমকে। সেই তিনিই সাংবাদিক সম্মেলনে চোখের জলে ক্রিকেটকে বিদায় জানালেন। ২০০৭ সালে বাংলাদেশের জার্সিতে অভিষেক হয় তামিমের। ১৫ বছরের ক্রিকেট কেরিয়ারে ৭০টি টেস্ট, ২৮১টি ওডিআই এবং ৭৮টি টি-২০ ম্যাচ খেলেছেন। তিনি অবসর নেওয়ায় বিশ্বকাপের আগে নতুন ক্যাপ্টেন খুঁজতে হবে বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে। সাংবাদিক সম্মেলনে তিনি জানিয়েছেন, আফগানিস্তানের বিরুদ্ধে বুধবারের প্রথম ওডিআই ম্যাচটিই ছিল তাঁর কেরিয়ারের শেষ ম্যাচ। গত বছর টি-২০ ফরম্যাট থেকে অবসর নিয়েছিলেন ৬৪ বছরের তামিম। তবে ওডিআই ও টেস্ট ফরম্যাটে ছিলেন বাংলাদেশ ক্রিকেটের অন্যতম ভরসা। চলতি বছরের এপ্রিল মাসে আয়ারল্যান্ডের বিরুদ্ধে শেষবার টেস্ট ম্যাচ খেলেন। বর্তমানে আফগানিস্তানের বিরুদ্ধে পূর্ণাঙ্গ সিরিজ



খেলেছে বাংলাদেশ। একমাত্র টেস্টে জেতার পর বুধবার আফগানদের বিরুদ্ধে বৃষ্টিবিঘ্নিত প্রথম ওডিআই ম্যাচ হেরে যায় বাংলাদেশ। একশা শতাংশ ফিট না হলেও সিরিজে খেলার কথা জানিয়েছিলেন তামিম। কতটা ফিট সেটা পরীক্ষা করাই ছিল উদ্দেশ্য। যদিও তামিমের ফিটনেস নিয়ে অসন্তোষ ছিল কোচ চন্ডিকা হাতুরুসিংহের। জানা গিয়েছে, বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সোয়ারম্যানের সঙ্গে এ নিয়ে কোচের মনোমালিন্য হয়। একশা শতাংশ ফিট না হলেও তামিমের খেলার সিদ্ধান্ত নিয়ে বিসিবি’র সোয়ারম্যানও বেজায় চটে ছিলেন। এরপর প্রথম ওডিআই ম্যাচে আফগানদের বিরুদ্ধে হতাশার হার। পরদিনই তামিম অবসর ঘোষণা। অভিমান থেকেই কি এমন সিদ্ধান্ত নিলেন তামিম? নাকি বাধ্য করা হল? যাই হোক, এশিয়া কাপ ও পরবর্তীতে ওডিআই বিশ্বকাপের মতো আইসিসি টুর্নামেন্টের আগে ক্যাপ্টেনের অবসর বাংলাদেশ ক্রিকেটের জন্য ভালো বিজ্ঞাপন নয়।

‘বিশ্বসেরা এমবাপেকে কোনোভাবেই বিনা পয়সায় ছাড়বে না পিএসজি’

প্যারিস, ৬ জুলাইঃ কিলিয়ান এমবাপে বললেই হলো! ফরাসি তারকা পিএসজিকে জানিয়ে দিয়েছেন ২০২৪ সালে ক্লাবের সঙ্গে চুক্তি শেষ হয়ে যাওয়ার পর প্যারিস ছাড়বেন। কিন্তু পিএসজি তাঁকে এভাবে ছাড়বে কেন? বিশ্বের অন্যতম সেরা এই ফুটবলারের পেছনে হাজার কোটি টাকা বিনিয়োগ করেছে পিএসজি। এমবাপেকে তারা কোনোভাবেই ফ্রি-তে চলে যেতে দেবে না। ফ্রান্সের হয়ে বিশ্বকাপজয়ী এই তারকা যদি চলে যেতেই চান, তাহলে তাঁকে ঘিরে যতটা বাণিজ্য করা যায় পিএসজি সেটা করতে চায়। পিএসজি চ্যোরম্যান নাসের আল খেলাইফি এ ব্যাপারে কঠোর মনোভাবই দেখাচ্ছেন। ২০২২-২৩ মরসুম ৩৪টি লিগ ম্যাচে ২৯ গোল করা এমবাপেকে তিনি স্পষ্ট করেই জানিয়ে দিয়েছেন নিজস্বের সিদ্ধান্তের কথা। আরও নির্দিষ্ট করে বললে, এমবাপেকে দুই সপ্তাহ সময় বেঁধে দিয়েছেন। এই সময়ের মধ্যে এমবাপেকে জানাতে হবে তাঁর সিদ্ধান্তের কথা। নিজের কেরিয়ারের এক বড় সিদ্ধান্তের সামনেই এখন দাঁড়িয়ে আছেন এমবাপে।

পিএসজির সবচেয়ে দামি ফুটবলার এমবাপে। তিনি এমন এক ফুটবলার, যাকে বিশ্বের কোনও ক্লাবই ফ্রি এজেন্ট হিসেবে ছাড়তে চাইবে না। এখন এমবাপেকেই সিদ্ধান্ত নিতে হবে, এই মরসুমেই পিএসজি ছাড়বেন নাকি ক্লাবটির সঙ্গে চুক্তির মেয়াদ বাড়বেন। সিদ্ধান্তটা এমবাপের জন্য কঠিন। ফরাসি পত্রিকা লা পারিসিয়েনকে খেলাইফি বলেছেন, “আমরা চাই এমবাপে পিএসজিতেই থাকুক। খুব করেই চাই। সে যদি চুক্তির মেয়াদ বাড়তে না চায়, দরজা খোলাই আছে, সে চলে যেতে পারবে।” ২০১৭ সালে মোনাকো থেকে পিএসজি নিয়ে আসে এমবাপেকে। গত ছয় বছরে তাঁর পেছনে ১৮ কোটি ডলার ঢেলেছে



পারিসিয়েনকে দেওয়া সাক্ষাৎকারে এ ব্যাপারে কোনো রাখতাক রাখেননি, “নিজের সেরা ফুটবলারকে আমরা কোনোভাবেই বিনা পয়সায় ছাড়তে পারি না। এটা কোনোভাবেই সম্ভব নয়।” খেলাইফি এমবাপের ব্যাপারে বাইরের কোনো চাপ, বিশেষ করে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রোঁর কোনো প্রভাব

পিএসজি। এখন এমবাপে নিজে যদি মনে করেন ২০২৪ সালে চুক্তি শেষ হয়ে যাওয়ার পর পিএসজি তাঁকে চলে যেতে দেবে, তাহলে ফরাসি তারকা বোকার স্বর্গে বাস করছেন। এমবাপেকে দিয়ে তারা যেকোনো মূল্যে ১৮ কোটি ডলার তুলতে চায়, সেই সঙ্গে বড় একটা বাণিজ্যেরও হাতছানি পিএসজির সামনে। খেলাইফি লা

নেই বলেই জানিয়েছেন এই সাক্ষাৎকারে। এদিকে ইউরোপীয় ফুটবলের দলবদল নিয়ে নির্ভরযোগ্য ইতালিয়ান সংবাদকর্মী ফার্নিজিও রোমানো নিজের ইউটিউব চ্যানেলে যা বলেছেন, তাতে রিয়াল মাদ্রিদের ভক্তরা কিছুটা নড়েচড়ে বসতেই পারেন। তিনি বলেছেন, পিএসজি খোলা মনেই রিয়াল মাদ্রিদের সঙ্গে এমবাপের দলবদল নিয়ে আলোচনা করতে রাজি। যদিও দুই ক্লাবের সম্পর্ক সহজ নয় বলেই বাজারে কথা প্রচলিত আছে। এখন এমবাপেকে যদি এই গ্রীষ্মেই পিএসজি ছাড়তে হয়, তাহলে রিয়াল মাদ্রিই হতে পারে তাঁর সম্ভাব্য গন্তব্য। তবে এই দলবদলে বড় অঙ্কের ট্রান্সফার ফি বিনিময় হওয়ার সম্ভাবনাই বেশি। রিয়াল মাদ্রিদের ইচ্ছা নাকি এমবাপের ব্যাপারে আরও এক মরসুম অপেক্ষা করা। স্প্যানিশ ক্লাবটি এমবাপেকে ফ্রি এজেন্ট হিসেবে দলে টানার সুযোগ নিতে চায়। এমবাপের এই কঠিন সিদ্ধান্ত নেওয়ার মধ্যেই পিএসজি তাদের নতুন কোচ হিসেবে নিয়োগ দিয়েছে বার্সেলোনা ও স্পেনের প্রাক্তন কোচ লুইস এনারিকেকে।

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ • অন্তিম সংখ্যা • ১ জুলাই ২০২৩

চিকিৎসক

দিবস

- রোরোটিক সার্জারিতে হাটু পরিবর্তন
- বিনাইন প্রাস্টেট হাইপারপ্লাসিয়া
- পেডিয়াট্রিক অ্যাজমা প্রতিরোধে
- অনিয়ন্ত্রিত হাইপার টেনশন
- উর্ডিভাদ দিয়ে সুস্থ থাকুনউর্ডি!
- সচেতন থাক! দরকার

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন
www.suchikitsa.in